NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

২ প্রাক্তন প্রেমিকাকে হুমকি, গ্রেপ্তার তিনজনকে আদালতে পেশ

মমতা ব্যানার্জিকে বাংলার জনতা উৎখাত করবে: অর্জুন ২

কলকাতা ১৮ জানুয়ারি ২০২৬ ৪ মাঘ ১৪৩২ রবিবার উনবিংশ বর্ষ ২১৮ সংখ্যা ১০ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 18.01.2026, Vol.19, Issue No. 218, 10 Pages, Price 3.00

বদলের বার্তা মোদীর, বাঁচানোর আর্তি মমতার

‘বাংলায় বইবে বিকাশের গঙ্গা’

নিজস্ব প্রতিবেদন: শনিবার পুরাতন মালদার বারবেলা জনসভায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সরাসরি তৃণমূল শাসনের বিরুদ্ধে ধারালো আক্রমণ ছুড়লেন। লক্ষাধিক মানুষের উপস্থিতিতে মোদী ঘোষণা করলেন, ‘বাংলা পালটানো দরকার, চাই বিজেপি সরকার।’ তিনি নিশ্চিত করলেন, ‘ওড়িশা, ত্রিপুরা, অসম ও বিহারে সুশাসন চলছে, এবার বাংলার পালা। মা গঙ্গার আশীর্বাদে এবার বাংলাতেও বিকাশের গঙ্গা বইবে।’

প্রধানমন্ত্রীর বক্তব্যে স্পষ্ট হল, তৃণমূলের উদাসীনতা ও অপশাসন বাংলার মানুষকে বিরক্ত করেছে। তিনি সরাসরি বলেন, ‘বাংলার সবচেয়ে বড় সমস্যা অনুপ্রবেশ। এদের দেশ থেকে বের করা দরকার, কিন্তু তৃণমূল সরকার চায় না। মালদা ও মুর্শিদাবাদে জনসংখ্যার চাপ বেড়েই চলেছে।’

শরণার্থী ও জনকল্যাণেও মোদী নিশ্চিত করলেন, ‘মতুয়া ও হিন্দু শরণার্থীদের কোনও ভয়ের কিছু নেই। ভারতের সংবিধান এদের জায়গা দিয়েছে। বিজেপি সরকার এদের নিরাপত্তা ও উন্নয়ন নিশ্চিত করবে।’ কেন্দ্রীয় প্রকল্পের উদাহরণ দিয়ে তিনি বলেন, ‘লাখ লাখ পরিবার পিএম সূর্যঘর যোজনা, সোলার প্ল্যান্ট ও বিনামূল্যে রেশন পাচ্ছে। কিন্তু তৃণমূল সেই সুবিধা লুট করছে।’ অর্থনীতি ও অবকাঠামোর প্রসঙ্গে মোদী জানালেন, ‘দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেন উদ্বোধন, চারটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস-সহ বিভিন্ন নতুন ট্রেন পরিষেবা বাংলার ব্যবসা ও পর্যটন উন্নত করবে। মানুষ দ্রুত দেশের বিভিন্ন প্রান্তে পৌঁছাবে।’

তিনি পুনর্ব্যক্ত করেন, ‘মালদার আম ও জুট কৃষকের উন্নয়নেও তৃণমূল উদাসীন। বিজেপি সরকার আনুন, তাদের উন্নতি হবে। এটা আমার গ্যারান্টি।’ মোদীর ভাষ্য, নির্বাচনের সময় এসে বাংলার মানুষ বিপুল ভোটে বিজেপিকে জয়ী করবেন এবং এই রাজ্য অবশেষে সুশাসন ও বিকাশের পথে পা রাখবে।

পশ্চিমবঙ্গ সফরের প্রথম দিনেই মালদা থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তৃণমূল শাসনের ছায়ায় রাজ্যের রাজনীতিকে সরাসরি নিশানায় তুললেন। তাঁর দাবি, ‘বাংলার সবচেয়ে বড় সমস্যা অনুপ্রবেশ। এদের দেশ থেকে বের করা দরকার, কিন্তু তৃণমূল সরকার চায় না।’ মালদা ও মুর্শিদাবাদের জনসংখ্যা চাপের প্রেক্ষাপট তুলে তিনি বলেন, ‘বছরগুলো ধরে তৃণমূলের মদতে অনুপ্রবেশ বেড়েই চলেছে।’

কৃষি ও অর্থনীতির প্রসঙ্গেও মোদী তীব্র আক্রমণ তোলেন। ‘মালদার আম ও জুট কৃষকের প্রতি তৃণমূল উদাসীন, বিজেপি সরকার আনুন, তাদের উন্নতি হবে। এটা আমার গ্যারান্টি।’

‘বিদেশের স্বপ্ন আর নয়, ভারতেই রেলের বিপ্লব’

নিজস্ব প্রতিবেদন: মালদা থেকে রেল ও সড়ক প্রকল্পের সূচনায় পশ্চিমবঙ্গকে ঘিরে উন্নয়নের রূপরেখা তুলে ধরলেন প্রধানমন্ত্রী। তাঁর বক্তব্যে স্পষ্ট, ‘পশ্চিমবঙ্গের অগ্রগতিকে গতি দেওয়ার অভিযান আজ আরও জোরদার হল।’ এই কর্মসূচিতেই বাংলার ঝুলিতে এল চারটি অমৃত ভারত এক্সপ্রেস, যা উত্তরবঙ্গের সঙ্গে দক্ষিণ ও পশ্চিম ভারতের যোগাযোগকে নতুন উচ্চতায় নিয়ে যাবে বলে দাবি কেন্দ্রের। প্রধানমন্ত্রীর কথায়, ‘এই ট্রেনগুলি সাধারণ মানুষের যাত্রা সহজ করবে, ব্যবসা ও কর্মসংস্থানের পথ খুলবে।’ নিউ জলপাইগুড়ি-নাগরকোই, নিউ জলপাইগুড়ি-তিরুচিরাপল্লি, আলিপুরদুয়ার- বেঙ্গালুরু এবং আলিপুরদুয়ার- মুম্বই, এই চার রুটে পরিষেবা চালু হওয়ায় তীর্থযাত্রী ও পরিযায়ী শ্রমিকদের সুবিধা বাড়বে। একই সঙ্গে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের সূচনা করে প্রধানমন্ত্রী বলেন, ‘যে ছবি একসময় বিদেশে দেখতাম, আজ তা ভারতেই বাস্তব।’ তাঁর মতে, রেলের আধুনিকীকরণে সবচেয়ে বেশি লাভবান হচ্ছেন গরিব ও মধ্যবিত্ত, আর নতুন সুযোগ পাচ্ছেন বাংলার যুবসমাজ।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, ‘মালদা থেকে আজ পশ্চিমবঙ্গের অগ্রগতিকে আরও গতি দেওয়ার অভিযান নতুন শক্তি পেল।’

নতুন রেল প্রকল্পগুলি যাতায়াতকে সহজ করবে, বাণিজ্য ও শিল্পে গতি আনবে এবং বাংলার যুবসমাজের জন্য নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি করবে।’ তিনি জানান, মালদায় তৈরি হওয়া নতুন ট্রেন মেন্টেন্যান্স ফেসিলিটি রাজ্যের রেল পরিকাঠামোকে আধুনিক করবে।

এই দিনই দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের সূচনা করেন প্রধানমন্ত্রী। হাওড়া থেকে গুয়াহাটি (কামাখ্যা) রুটে এই ট্রেন চালু হওয়ায় দীর্ঘ যাত্রা হবে আরও স্বাচ্ছন্দ্যময় ও দ্রুত। প্রধানমন্ত্রী বলেন, ‘বিদেশের ট্রেনের ছবি দেখে একদিন ভারতেও এমন ট্রেনের স্বপ্ন দেখত মানুষ। আজ সেই স্বপ্ন বাস্তব।’ তাঁর দাবি, বন্দে ভারত স্লিপার ট্রেন ‘মেড ইন ইন্ডিয়া’ প্রযুক্তির প্রতীক এবং মা কালী ও মা কামাখ্যার ভূমিকে যুক্ত করছে এই আধুনিক রেল।

‘গণতন্ত্র বাঁচান, দেশকে বাঁচান’

নিজস্ব প্রতিবেদন: প্রধান বিচারপতি সূর্য কান্ত, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল ও কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়ালের উপস্থিতিতে কেন্দ্রের সরকার, এজেন্সি নিয়ে সরব হলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

এদিন মুখ্যমন্ত্রী বলেন, ‘ইচ্ছাকৃতভাবে এজেন্সি অপমান করছে, আমরা আপনাদের কাস্টডিতে রয়েছি। আপনারা সংবিধানের অভিভাবক। বিপর্যয়ের হাত থেকে বাঁচান সংবিধানকে। দেশকে বাঁচান।’

সম্প্রতি আইপ্যাক নিয়ে মামলা চলেছে সুপ্রিম কোর্টে। সেখানে ইডি মামলা করেছিল মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে। সেই ঘটনায় অনেকটাই স্বস্তি পেয়েছে কেন্দ্রীয় এজেন্সি। এই আবহেই মমতার বক্তব্য নিতান্তই তাৎপর্যপূর্ণ।

শনিবার কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের উদ্বোধনে আসেন সকলে। সেখান থেকেই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রথমে বলেন, ‘আমাদের গণতন্ত্রকে বিপর্যয় থেকে বাঁচাতে হবে। আমাদের ইতিহাস-ভূগোল সব যেন সুরক্ষিত থাকে।’ তিনি আরও অভিযোগ করে বলেন, ‘মানুষের ভাবমূর্তি নষ্ট করা এখন ট্রেন্ড। ইচ্ছাকৃতভাবে এজেন্সি অপমান করছে। প্লিজ মানুষকে বাঁচান।’ মমতা বলেন, ‘আমি আমার জন্য বলছি না। গণতন্ত্রকে বাঁচান, মানুষকে বাঁচান, দেশকে বাঁচান। আমি এবং আমরা আপনার কাস্টডিতে আছি। আপনি রক্ষা করুন।’

জলপাইগুড়িতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চের স্থায়ী ভবন উদ্বোধন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ‘এখনকার দিনে তিনটি জিনিস গুরুত্বপূর্ণ। এক হল সংবিধান, দুই হল দেশের মানুষ, তিন হল বিচার ব্যবস্থা, চার হল মিডিয়া।’ নতুন পেশাজীবীদের সঠিক সুযোগ সুবিধা নিশ্চিত করতে তিনি প্রধান বিচারপতিকে নির্দেশ দেওয়ার প্রতিশ্রুতি দেন। তিনি আরও বলেন, ‘আমাদের গণতন্ত্রকে বিপর্যয় থেকে বাঁচাতে হবে। মিডিয়া যেন আগে থেকেই ট্রায়ালে না যায়। আমি বলছি গণতন্ত্র-বিচার ব্যবস্থার জন্য।’ মমতা জানান, রাজ্য নিজস্ব তহবিল থেকে ১২০০ কোটি টাকা খরচ করে ৮৮ ফাস্ট ট্র্যাক কোর্ট, ৭ পকসো কোর্ট ও ১৯ হিউম্যান রাইটস কোর্ট প্রতিষ্ঠা করেছে।

সার্কিট বেঞ্চের ৪০ একর জমিতে নির্মিত ভবনটি ৫০০ কোটি টাকায় সম্পন্ন হয়েছে। বিচারপতিদের জন্য ৮০টি আবাসিক কমপ্লেক্স ও প্রধান বিচারপতির বাংলো রয়েছে। মমতা বলেন, ‘সাধারণ মানুষ আদালতের প্রতি আস্থা রাখে। আদালত কোনও ধর্ম বা ভেদাভেদ দেখে না।’

এদিন কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল বলেন, ‘পশ্চিমবঙ্গের আইনশৃঙ্খলা পরিস্থিতি একেবারেই ভালো নয়। সাধারণ মানুষের নিরাপত্তা নিয়ে উদ্বেগের কারণ রয়েছে।’ তিনি জলপাইগুড়ির সার্কিট বেঞ্চ চালু হওয়ার গুরুত্ব তুলে ধরে বলেন, উত্তরবঙ্গের পাঁচটি জেলার বাসিন্দাদের সময় ও খরচ দুই বাঁচবে।

অতীতে স্টেশন ফিডার রোডের জেলা পরিষদ ডাক বাংলো ব্যবহার করা হত আদালত হিসেবে। এবার নিজস্ব ভবন হাতে পেয়ে উত্তরবঙ্গের বিচারব্যবস্থা এক নতুন দিগন্তে পৌঁছেছে। তবে একই দিনে মুর্শিদাবাদে বেলডাঙায় পরিযায়ী শ্রমিকের মৃতদেহ নিয়ে উত্তেজনা নতুন করে প্রশ্ন তুলেছে রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়েও।

ফের শুনানির সম্ভাবনা

■ **রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক দপ্তর জানাল, স্পেশ্যাল ইনটেনসিভ রিভিশন (এসআইআর) শুনানিতে যারা কেবল মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট কার্ড জমা দিয়েছেন, তাঁদের পুনরায় ডাক পড়তে পারে। জাতীয় নির্বাচন কমিশন ইতিমধ্যে রাজ্যের প্রস্তাব খারিজ করেছে এবং স্পষ্ট জানিয়েছে, এসআইআর-এ বৈধ নথির তালিকায় অ্যাডমিট কার্ড নেই। তাই শুধুমাত্র এই কার্ড জমা দেওয়া ভোটারদের ফের শুনানিতে অংশ নিতে হতে পারে বা অন্য বৈধ নথি জমা দিতে হবে। তবে ১৩টি অনুমোদিত নথির সঙ্গে জমা দেওয়া কার্ড থাকলে পুনরায় ডাক নয়। এখনও জানানো হয়নি, কতজন ভোটার একমাত্র অ্যাডমিট কার্ডে আবেদন করেছেন।**

এনআইএ তদন্তের দাবি

■ **রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী শনিবার স্পষ্ট অভিযোগ করে বলেন, বেলডাঙা, মুর্শিদাবাদে দুই দিনের মধ্যে অরাজকতা ও লুটপাট চলছে। ‘অ্যান্টি ন্যাশনাল’ উপদলগুলো হিন্দু সম্পত্তি জ্বালাচ্ছে, ব্যবসা নষ্ট করছে। পুলিশ নিরব, রাজ্য প্রশাসন দূরদর্শী না হওয়ায় হামলাকারীরা নির্বিঘ্নে তাণ্ডব চালাচ্ছে। শুভেন্দু অধিকারী দাবি করেছেন, অবিলম্বে এনআইএ তদন্ত, ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ ধারার প্রয়োগ এবং কেন্দ্রীয় বাহিনী পুরো জেলা জুড়ে মোবিলাইজ করতে হবে। তিনি বলেন, ‘রাজ্যের নীরবতা ও ভোট আপ্যায়ন রাজনীতির ফলেই সাধারণ মানুষ শিকার হচ্ছে।’**

অবরুদ্ধ বেলডাঙায় পুলিশের লাঠি, গ্রেপ্তার মূলচক্রী-সহ ৩০

নিজস্ব প্রতিবেদন: শুক্রবারের পর শনিবারও উত্তপ্ত থাকল বেলডাঙা। যদিও বেলা গড়ালে পুলিশ লাঠিচার্জ করে অবরোধ তুলে দেয়। শনিবার বেলায় বড়ুয়া মোড় অবরোধ করেন কয়েকশো মানুষ। এর ফলে অবরুদ্ধ হয়ে পড়ে ১২ নম্বর জাতীয় সড়ক। বেশ কিছুক্ষণ অবরোধ চলার পর অভিযানে নামে পুলিশ। লাঠিচার্জ করে অবরোধ তোলা হয়। বেশ কয়েক জনকে আটক করা হয়। মুর্শিদাবাদ পুলিশ জেলার সুপার সানি রাজ বলেন, ‘মোট ৩০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। বাকিদের খোঁজে তল্লাশি চলছে।’

এদিকে অশান্তির ঘটনার ‘মূলচক্রী’ গ্রেপ্তার। মূলত সাংবাদিকদের উপর হামলায় নেতৃত্ব দেওয়ার অভিযোগ তাঁর বিরুদ্ধে। তবে আরও শনিবার বেলডাঙায় অশান্তির সময়েও তাঁর উপস্থিতি লক্ষ করা গিয়েছে বলে জানান মুর্শিদাবাদ পুলিশ জেলার সুপার (এসপি) সানি রাজ। সাংবাদিকদের উপর হামলার ঘটনায় স্বতঃপ্রণোদিত ভাবে মামলা রুজু করা হয়েছে। সেই ঘটনায় চার জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। তাঁদের মধ্যে রয়েছেন ‘মূলচক্রী’ মতিউর রহমান।

শুক্রবার ঝাড়খণ্ডে কর্মরত মুর্শিদাবাদের এক পরিযায়ী শ্রমিককে খুন করার অভিযোগ তুলে বিক্ষোভ শুরু হয়েছিল বেলডাঙায়। ১২ নম্বর জাতীয় সড়ক এবং রেল অবরোধ করেছিলেন বিক্ষোভকারীরা। সাড়ে ৫ ঘণ্টা ধরে অবরোধ চলে। শনিবার বেলডাঙায় নতুন করে উত্তেজনার সৃষ্টি হয়। বেলডাঙার বড়ুয়া মোড় অবরোধ করেন কয়েকশো মানুষ। অবরুদ্ধ হয়ে পড়ে ১২ নম্বর জাতীয় সড়ক। শুক্রবারের পর শনিবারও আক্রান্ত হন সাংবাদিকেরা।

অন্য দিকে, কৃষ্ণনগর থেকে লালগোলা পর্যন্ত ট্রেন না-চালানোর সিদ্ধান্ত নেয় পূর্ব রেল। এর ফলে ওই অংশে ট্রেন পরিষেবা ব্যাহত হয়। শনিবার কলকাতা-সাইরাং এক্সপ্রেস তিন ঘণ্টা কৃষ্ণনগর সিটি জংশনে দাঁড়িয়েছিল। তার পর ট্রেনটিকে নৈহাটি-ব্যান্ডেল হয়ে গন্তব্যের উদ্দেশে রওনা করানো হয়েছে। বেলায় বিক্ষোভকারীরা বেলডাঙা স্টেশনের আগের রেলগেটের বুম ভেঙে দিয়েছিলেন। ভাঙা হয় স্টেশনের নিকটবর্তী ট্রেনের একটি সিগন্যাল পোস্টও। এগুলি মেরামত করে ট্রেন পরিষেবা স্বাভাবিক করতে সময় লাগবে বলে রেল সূত্রে খবর।

পুলিশ সুপার বলেন, ‘অবরোধ হয়েছিল এটা ঠিক। আমরা এসে তুলে দিয়েছি। পরিস্থিতি নর্মাল হয়ে গিয়েছে। আমরা আছি। পুলিশ আগে থেকেই ছিল। হঠাৎ করে তো লাঠি চালানো যায় না। আগে বিক্ষোভকারীদের সঙ্গে কথা বলতে হয়। যখন দেখলাম এভাবে হবে না, ওদের অযাচিত কিছু চাহিদা ছিল। এরপর লাঠিপেটা করা হয়। ওরা পাথর ছোড়া শুরু করতেই লাঠিপেটা হয়। সিসিটিভি দেখছি, কয়েকজন বাড়িতে লুকিয়ে আছে। আমরা বেশ কয়েকজনকে আটক করেছি। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে ব্যবস্থা নেব।’

পুলিশ সুপার জানিয়েছেন, ইতিমধ্যেই ধৃতদের জিজ্ঞাসাবাদ শুরু করছে পুলিশ। বেলডাঙার পরিস্থিতি প্রসঙ্গে পুলিশ সুপার কুমার বলেন, ‘আমরা আন্দোলনকারীদের সঙ্গে কথা বলে অবরোধ তোলার চেষ্টা করছিলাম। কিন্তু তাঁরা কোনও ভাবেই তাতে কর্ণপাত করছিলেন না। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে শেষপর্যন্ত আমরা লাঠিচার্জ করে তাঁদের ছত্রভঙ্গ করতে বাধ্য হই। এই মুহূর্তে এলাকায় কোনও পথঅবরোধ নেই।’

যখন সাংবাদিক নিগ্রহের সময় কেন চুপ ছিল পুলিশ জিজ্ঞাসা করা হলে পুলিশ সুপারের যুক্তি, ‘আগে থেকেই পুলিশ ছিল। কিন্তু হঠাৎ করে তো লাঠিপেটা করা যায় না তাই’।

দু’দিন ধরে জনজীবনকে বিপর্যস্ত করে বিক্ষোভ চলার পরেও পুলিশ কার্যকরী পদক্ষেপ করছে না বলে অভিযোগ উঠেছিল। শনিবার দুপুরে অবশ্য পুলিশের বিশাল বাহিনী এলাকায় নামে। রেললাইন থেকে লাঠিচার্জ করে সরানো হয় বিক্ষোভকারীদের। অবরোধ হটাতে গেলে পুলিশকে লক্ষ্য করে ইট-পাথর ছোড়া হয়। পাল্টা লাঠিচার্জ করে পুলিশও। শুরু হয় ধরপাকড়। সেই সময়েই গ্রেপ্তার করা হয় ৩০ জনকে।

নৈরাজ্যের অবসান চান নমো

নিজস্ব প্রতিবেদন: ভোটমুখী বঙ্গে রেল প্রকল্পের উদ্বোধনে এসে ফের রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতিকে নিশানা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এবার তাঁর অস্ত্র বেলডাঙার অশান্ত পরিস্থিতি। ভিনরাজ্যে পরিযায়ী শ্রমিককে খুন, তাঁদের উপর অত্যাচারের প্রতিবাদে দিন দুই ধরে জ্বলছে বেলডাঙা। পরিস্থিতি অগ্নিগর্ভ। রাস্তা, রেল অবরোধ। খবর সংগ্রহ করতে গিয়ে কার্যত গণপ্রহারের শিকার হতে হয়েছে সাংবাদিক, চিত্রসাংবাদিকদের। তাঁরা আহত হয়ে হাসপাতালে ভর্তি। এই পরিস্থিতিতে মালদহ থেকে মহিলা সাংবাদিককে নিগ্রহের তুমুল নিন্দা করলেন মোদী। বললেন, ‘একজন মহিলা সাংবাদিককে এভাবে মারা হল! তৃণমূলের গুন্ডারাই এই ঘটনা ঘটিয়েছে। এই পরিস্থিতি বিজেপি ছাড়া আর কে বদল করবে?’

মোদী বলেন, ‘বাংলায় মেয়েদের কোনও সুরক্ষা নেই। তৃণমূলের গুন্ডারা এক মহিলা সাংবাদিককে নির্মমভাবে অত্যাচার করে মেরেছে।’ প্রধানমন্ত্রীর দাবি, রাজ্যে মা-বোনেদের উপর নির্যাতন বেড়েই চলেছে, অপরাধের গ্রাফ ক্রমশ ঊর্ধ্বমুখী। বেলডাঙার পরিস্থিতিকে তিনি ‘অগ্নিগর্ভ’ বলে উল্লেখ করেন। রাস্তা ও রেল অবরোধের মধ্যে খবর সংগ্রহ করতে গিয়ে সাংবাদিক ও চিত্রসাংবাদিকদের উপর গণপ্রহারের অভিযোগও তোলেন মোদী। আহত সাংবাদিকদের হাসপাতালে ভর্তি হতে হয়েছে বলেও জানান তিনি।

অনুপ্রবেশ প্রসঙ্গকে একই সুতোয় বেঁধে প্রধানমন্ত্রী বলেন, ‘মালদহ-মুর্শিদাবাদে অনুপ্রবেশকারীরা দাঙ্গা বাঁধানোর চেষ্টা করছে।’ তাঁর কটাক্ষ, ‘এই তৃণমূলের অত্যাচার একদিন শেষ হবে, পতন ঘটবেই।’ শেষে মোদীর স্পষ্ট বার্তা, ‘এই পরিস্থিতি বিজেপি ছাড়া আর কে বদলাবে? বাংলায় বিজেপি সরকার এলে অনুপ্রবেশের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।’

বিজেপির ইন্ধনেই অশান্তি: অভিষেক

নিজস্ব প্রতিবেদন: বেলডাঙার অগ্নিগর্ভ ঘটনার মাঝেই শনিবার বহরমপুরে জনসভায় সরব হলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। নাম না করে নিজের দলের সাসপেন্ডেড বিধায়ক হুমায়ুন কবীরকে নিশানা করে তিনি বলেন, ‘বাংলায় নতুন এক গদ্দার তৈরি হয়েছে। বিজেপির বাবুদের ইন্ধনেই এই অশান্তি।’ অভিষেকের কড়া বার্তা, ‘কেউ উস্কানিতে পা দেবেন না। শান্তি ও শৃঙ্খলা রক্ষাই এখন প্রধান দায়িত্ব।’

এদিন হিন্দু-মুসলিম বিভাজনের তীব্র বিরোধিতা করলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁর সপাট প্রশ্ন, ‘যে মঞ্চ থেকে মমতাকে গাল দিচ্ছেন, কে বানিয়েছে? হিন্দু না মুসলমান?’ এ প্রসঙ্গে তিনি আরও বেশ কয়েকটি উদাহরণ দিয়েছেন। সাফ বুঝিয়ে দিয়েছেন, ধর্মীয় বিভাজনের রাজনীতি দিয়ে বঙ্গ জয় করা যায়নি, যাবেও না।

শনিবার অভিষেক বহরমপুরের যেখানে রোড শো করেন, সেখান থেকে মাত্র ২০ কিলোমিটার দূরে বেলডাঙা। যেখানে গত ২ দিন ধরে জনবিক্ষোভে উত্তপ্ত পরিস্থিতি। খবর সংগ্রহ করতে গিয়ে উন্মত্ত জনতার হাতে ব্যাপকভাবে প্রহৃত হয়েছেন সাংবাদিকরা। সাধারণ মানুষ বিপদে। শনিবার বঙ্গে এসে বেলডাঙা অশান্তির নেপথ্যে সরসারি তৃণমূলকে দায়ী করেছেন। তাঁর অভিযোগ, তৃণমূলের গুন্ডারাই একাজ করেছে। বহরমপুরের সভা থেকে বেলডাঙা নিয়ে পালটা বিজেপিকেই দুষলেন অভিষেক। তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের অভিযোগ, ‘উস্কানি দিচ্ছে গদ্দাররা। তবে জনগণকে সতর্ক থাকতে হবে। কোনও প্ররোচনায় পা দেবেন না, আইন নিজের হাতে তুলে নেবেন না। শান্ত থাকুন।’

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

নাম-পদবী

আমি বিভীষন সাহা পিতা-সন্তোষ সাহা, সাং-সন্ধ্যা মাঠপাড়া ঘূর্ণী ভীমপুর নদীয়া। আমার পিতার আসল নাম সন্তোষ সাহা। গত ৮/১/২৬ তারিখে এক্সিকিউটিভ ম্যাজিস্টেট ফার্স্ট কৃষ্ণনগর কোর্টের এফিডেভিট বলে আমার পিতা- সন্তোষ সাহা ও সন্তোষ সাধুখাঁ উভয়েই একই ব্যক্তি বলে পরিচিত হলেন।

I, Sudhakar Pal, S/O- Bibhuti Pal at Vill Boltuli, PO- Kandi Balia, PS-Kandi, Dist-Murshidabad. That in my Aadhaar card 8671 2756 6724 my name is written as Sudhakar Pal but in the voter list in the year of 2002, Sl No 976 my name is written Sunil Pal. Swearing affidavit 54/26 before in the Notary public at Kandi I, Sudhakar Pal & Sunil Pal is same and one identical person.

বিজ্ঞপ্তি

জেলা - পশ্চিম মেদিনীপুর ৩য়: অতিরিক্ত জেলা জজ আদালত
জে.মিস নং ২১/২০২৫ সাল
R. No. 87/2025
DF-24 12/26

শ্রী শ্রী ভাগবত জীউ ঠাকুরের পক্ষে সেবাইতগণ ১) শ্রী কেদার নাথ বেরা, ২)শ্রী পতিত পাবন বেরা ৩) শ্রী শ্যাম সুন্দর বেরা সর্ব পিতা-৺মধুসূদন বেরা, সাং- মালপাড়া, পোষ্ট-পারুই, থানা- মোহনপুর, জেলা-পশ্চিম মেদিনীপুর দীং .... দরখাস্তকারীগন

এতদ্বারা পশ্চিম মেদিনীপুর জেলার মোহনপুর থানার মালপাড়া সাকিনের সর্ব সাধারন অধিবাসীগনকে জানানো যাইতেছে যে, উপরোক্ত দরখাস্তকারীগন উক্ত ঠাকুর জীউর নামিত নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয় করিবার প্রার্থনায় উক্ত নম্বর মোকর্দ্দমা উত্থাপন করিয়াছেন। উক্ত মোকর্দ্দমার বিরুদ্ধে আপনার/আপনাদের কোন আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তির ৩০ দিনের মধ্যে স্বয়ং অথবা উপযুক্ত উকিলবাবুগনের দ্বারা হাজির হইয়া কারন দর্শাইবেন। নতুবা আইন মোতাবেক কার্য্য করা হইবে।

তপশীল বর্নিত সম্পত্তির বিবরন

জেলা - পশ্চিম মেদিনীপুর, মৌজা- মালপাড়া, থানা- মোহনপুর,জে.এল. নং-৩৬১, খতিয়ান নং ১৭৯/১, ৫৮২ দাগে জল ৭১ ডে:, ৬০১ দাগে জল ১ এ: ২৯ ডে:

ইতি- অনুমত্যানুসারে
Subrata Sen (Bench Clerk I)
জেলা পশ্চিম মেদিনীপুর ৩য়: অতিরিক্ত জেলা জজ আদালত, তাং-05/01/2026

AFFIDAVIT

I, **Alpana Chakraborty** W/O- Biswanath Chakraborty D/O- Shibsadhan Mukherjee R/O- Narajole, W.B.-721211, hereby declare that I will henceforth be known as Alpana Chakraborty, D/O Shibsadhan Mukherjee (Epic No WUQ3148848) as per Affidavit No.25905 sworn at Medinipur District Judges court on 8.12.2025

নাম-পদবী

আমি, DAUDALI (পুরানো নাম) পিতা- তফিলুদ্দিন, ঠিকানা- নর্থ কাজীপাড়া, কাজীপাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা, পশ্চিমবঙ্গ-৭০০১২৫। আমার নাম পরিবর্তন করেছি এবং এখন থেকে MD DAUD ALI (নতুন নাম) নামে পরিচিত হলাম। যেমনটি ফার্স্ট ক্লাস জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট বারাসাত উত্তর ২৪ পরগণা, পশ্চিমবঙ্গ যার হলফনামা নম্বর ১০১৭ তাং- ইংরেজী ১৭/০৩/২০২৫ তারিখে ঘোষণা করা হয়েছে। DAUD ALI (পুরানো নাম) ও MD DAUD ALI (নতুন নাম) এক ও অভিন্ন ব্যাক্তি হিসাবে পরিচিত হলাম।

NOTICE

Notice is hereby given to public in general that original Register Deed of Sale dated 02.07.2021 and recorded as Book No. I, Volume No. 1301-2021, pages from 148528 to 148548 being No. 130107013 for the year 2021, registered before the office of D.S.R. Nadia, is lost from my client's i.e **SUBRATA GHOSH'S** custody, and accordingly a general diary vide GDE No. 850 dated 15.01.2026 was lodged before East Bidhannagar Police Station. If any person finds the title deed should intimate, to the undersigned, within 7 days from the date of publication of this notice, any subsequently claim will not be entertained.

Date : 17.01.2026
Place : Kolkata

SRIJIT SAHA (Advocate)
Chamber - "SARAF HOUSE" Gr. Floor, Room No. 28, 4/1, Red Cross Place, Kolkata - 700001
E-Mail - srijit.advocat@gmail.com
Mob :- +91- 8336071726

আজকের দিনটি কেমন যাবে?

আজ ১৮ই জানুয়ারি। ৪ঠা মাঘ। রবি বার। অমাবস্যা তিথি।জন্মে ধনু রাশি, অষ্টোত্তরী বৃহস্পতি র ও, বিংশোত্তোরী শুক্র র মহাদশা কাল। মৃতে একপাদ দোষ।

মেষ রাশি : প্রাপ্তি। বিদ্যা ভাগ্য ভালো। আজ বাধা থাকলেও, নতুন কিছু করার শক্তি পাবেন। বৈবাহিক জীবনে কিছু সমস্যা আসছে, প্রতিবেশীর দ্বারা সমাধান। ঋর কর্ম ক্ষেত্রে বিশেষ সম্মান বৃদ্ধির সুযোগ। মন্ত্র ওম নমঃ শিবায়। শুভ রং সাদা। শুভ দিক পূর্ব।

বৃষ রাশি : মানষিক ভাবে ভাল। সম্পর্কে শুভত্ব আনতে চেষ্টা করতে হবে। পরিবার এর কোন গোপন কথা, সমস্যা তৈরি করতে পারে। এক প্রবীনা সদস্য র ভুল বাক্য দ্বারা হঠাৎ করেই সমস্যা হবে। যারা কম্পিউটার টেকনোলজি বিভাগে কাজ করছেন, তারা সম্মান পাবেন। মন্ত্র গণ গণশায় নমঃ। শুভ রং ঘিয়ে। শুভ দিক উত্তর।

মিথুন রাশি : কিছু শুভ মানুষ চিনতে ভুল করেছেন। তৃতীয় ব্যক্তির জন্য পরিবারে, ভুল বোঝাবুঝি হবে। খুব তাড়াতাড়ি কাজ করার জন্য আজ ক্ষতির সম্মুখীন হতে হবে। বিশ্বাস করে যাকে দায়িত্ব দিয়েছেন, নজর রাখুন সেই দিকে। মন্ত্র দুর্গে দুর্গে রক্ষিণী স্বাহা। শুভ রং সবুজ। শুভ দিক পূর্ব।

কর্কট রাশি : তর্কে জিততে পারবেন না। নৈরাশ্য হতাশা গ্রাস করবে মনটাকে। নতুন বন্ধুত্বের অনুরোধ, কেন উপেক্ষা করছেন? সময় দিন, শুভ হবে। সম্পত্তি দখল নিয়ে মামলা শুরু হতে পারে। মন্ত্র ওম নমঃ শিবায়। শুভ রং সাদা। শুভ দিক পূর্ব।

সিংহ রাশি : খুব ভালো যোগাযোগ হবে। সবাই সামনে আপনার কথা মেনে নিয়ে, পিছনে বসে গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের করছে। সতর্ক থাকুন। খাদ্যদ্রব্যর ব্যবসায়ীদের জন্য আজকের দিনটা অতীব শুভ। মন্ত্র ওম গন গণেশায়। শুভ রং। হলুদ। শুভ দিক উত্তর।

কন্যা রাশি : পরিবার পরিজন সবাই আজ আপনার সহযোগ করবেন। ছাত্র ছাত্রীদের জন্য আজকের দিনটা অতীব শুভ। প্রবীন নাগরিক হিসেবে আজ আর্থিক সাহায্য পাবেন। তবে পুরাতন কোন মামলা থেকে সতর্ক থাকুন। মন্ত্র নমঃ শিবায় / কৃষ্ণায়। শুভ রং সবুজ। শুভ দিক দক্ষিণ।

তুলা রাশি : এক বান্ধব দ্বারা সুসংবাদ প্রাপ্তি। পরিবার পরিজন দের সাথে মধুর সম্পর্ক। আজ মন খুলে বান্ধব দের সাথে কথা বলতে পারেন। শুধু সন্ধ্যার পর অপরিচিত র ফোন না ধরা ভাল। ছাত্র ছাত্রীদের জন্য আজকের দিনটা অতীব শুভ। যারা কস্মেটিক্স ব্যবসা করেন, তাদের ব্যবসা বৃদ্ধি নিশ্চিত। মন্ত্র নমঃ শ্রী বিষ্ণু। শুভ রং লাল। শুভ দিক পশ্চিম।

বৃশ্চিক রাশি : দুঃখ প্রাপ্তি। সতর্ক থাকুন। আজ হয়রানির মধ্যেই সীমাবদ্ধ। কোন সমস্যা তৈরী হবে ব্যাংক লোন নিয়ে। কাগজপত্র গুছিয়ে রাখুন, কিছু প্রমান দিতে হতে পারে। রাজনৈতিক দলের নেতা কর্মীদের সাথে শুভ। মন্ত্র শন শনি দেবায় নমঃ। শুভ রং লাল। শুভ দিক পশ্চিম।

ধনু রাশি : বিবাহিত জীবনের জন্য শুভ। আজ ছাত্র ছাত্রীদের জন্য অতীব শুভ। বৈবাহিক দাম্পত্য জীবনে কোন তৃতীয় ব্যক্তির ব্যবহারে সমস্যা তৈরী হতে পারে। একটু সতর্ক থাকুন, ছলনা কারী স্বজন কে আজ চিনতে পারবেন। মোটর মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এর কাজে আজ সফলতা। মন্ত্র দূর্গা মন্ত্র। শুভ রং হলুদ। শুভ দিক উত্তর।

মকর রাশি : শান্তির বাতাবরন পরিবারে। ফোন কলে আজ লাভ প্রাপ্তি। পুরাতন বান্ধব দ্বারা শুভ। যারা উচ্চ বিদ্যা তে আছেন, সফলতা অর্জন করতে পারবেন। বৈবাহিক দাম্পত্য জীবনে শুভ। লৌহ আকরিক ব্যবসা তে ধন প্রাপ্তি। মন্ত্র কৃষ্ণ মন্ত্র। শুভ রং কালো। শুভ দিক পশ্চিম।

কুম্ভ রাশি : ধার্মিক আধ্যাত্মিক মন যুক্ত দিন। আপ্যায়ন ভাল, তবে আজ দুই পরিচিত মানুষ সম্পর্কে সতর্ক থাকুন। গুপ্ত শত্রুর ষড়যন্ত্রের মোকাবিলা করতে হবে। সবাই আপনার মতো সরলতায় পূর্ন নয়। মন্ত্র কৃষ্ণ মন্ত্র। শুভ রং নীল। শুভ দিক পশ্চিম।

মীন রাশি : প্রতিবাদ না করাটা ভাল। আজ সত্য উদঘাটন হতে পারে। দাম্পত্য জীবনে কষ্ট। মনের মানুষ কে ভুল বুঝে কষ্ট পাবেন। আর্থিক স্থিতি শুভ। প্রেমিক যুগল, বয়স্কদের সাহায্যে নিয়ে এগিয়ে যাও, শুভ হবে। মন্ত্র শিব মন্ত্র। শুভ রং হালকা হলুদ। শুভ দিক উত্তর।

(অমাবস্যার ব্রতপবাস ও নিশিপালন এবং মৌনী অমাবস্যা)

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

নাম-পদবী

আমি SAYED HALIM, পিতা- SAYED ABUL HASAN ঠিকানা- হরিপুর, কোতুলপুর, থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া, পশ্চিমবঙ্গ-৭২২১৪১ আমার ভোটার কার্ড-এ আমার নাম ও পিতার নাম ভুলবশতঃ যথাক্রমে SAYED MD. KOLIMULLAH (নাম) & MD. ABUL HASAN (পিতার নাম) লিপিবদ্ধ রয়েছে, সঠিক নাম SAYED HALIM ও SAYED ABUL HASAN এর পরিবর্তে, যা আধার (490461939901), প্যান (BKNPH0213C), ও অন্যান্য নথিতে রয়েছে ১৩/০১/২০২৬ তারিখে ফার্স্ট ক্লাস লোয়ার ডিভিশন জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বারাসাত কোর্ট এফিডেফিট, vide no-85, বলে, SAYED HALIM ও SAYED MD. KOLIMULLAH এবং SAYED ABUL HASAN ® MD. ABUL HASAN এক ও অভিন্ন ব্যাক্তি হিসাবে পরিচিত হলাম।

PUBLIC NOTICE

Notice is hereby given that my client intends to purchase the several lands described in the below schedule. Any body having any claim, demand, right, title or interest in respect of the mentioned property or any part thereof share, partition, sale mortgage, charge, lease, lien, lidense, tenancy, gift, charge, trust, e asement, attachment, possession or encumbrance or otherwise howsoever or of any nature whatsoever is hereby required to make the same in writing to undersigned within seven days from the date of publication of this notice along with documentary proof thereof, failing which it will be xxxx presumed that there is no such claim and shall be deemed to have been given up or waived.

Schedule: Mouza Talchinan Shanihati, J.L. No. 66, L.R. Khatian No. 1060, L.R. dag No. 3475, Sali land measuring an area 10.5 Satak out of 42 Satak. AND Mouza Talchinan Shanihati, J.L. No.56, L.R. Khatian No. 5342, L.R. Dag No. 3413 Sali measuring an area 35 Satak out of 69 Satak. AND Mouza Talchinan Shanihati, J.L. No.66, L.R. Khatian No. 203, 239, 523,1000, 1024, L.R. Dag No. 3429, area of land 50 satak "Sali" land. AND Mouza Talchinan Shanihati, J.L. 66, L.R. Khatian No.1124 L.R Dag No. 3492 area 31 Satak "Sali". AND Mouza Talchinan Shanihati, J.L. 66, L.R. Khati an No. 1328 L.R. Dag No.3493 Sali area 66 Satak.

Intending purchasers are requested to contacted vide **mobile No. 6291733583.**

Golok Chandra Ghosh (Advocate)
Chinsurah Judges' Court, Hooghly

বিজ্ঞপ্তি

আমার মক্কেলগণ (১) অমল ভক্ত, (২) কৃষ্ণ ভক্ত ও (৩) বিশ্বনাথ ভক্ত, সর্ব পিতা- ঁঅনিল চন্দ্র ভক্ত ওরফে অনিল ভক্ত, সর্ব সাং ভালুকা ঝাউতলাপাড়া, কোতয়ালী, নদীয়া, একটি সম্পত্তি যার L.R. খতিয়ান ৬৫, দাগ (R.S. ও L.R.) ৩১৪৩, পরিমাণ ৬০.৬৭ শতক, মৌজা ৬৮ ভালুকা, থানা-কোতয়ালী, জেলা- নদীয়া, গত ১৮/২/২১ তারিখে A.D.S.R. কৃষ্ণনগর অফিসে ২০৭৭ নং আমমোক্তারনামা দলিল বলে পরিতোষ সমাদ্দার পিতা- ঁলক্ষন সমাদ্দার, সাং-নিকুঞ্জনগর কলোনী, গোবিন্দপুর, শান্তিপুর, নদীয়া, ব্যক্তিকে আমমোক্তার নিযুক্ত করেন। এখন পরিতোষ সমাদ্দার উক্ত সম্পত্তির ৬.৬০ শতক পরিমাণ জমি, (১) শিবু ঘোষ, পিতা- অধীর ঘোষ ও (২) শম্পা ঘোষ, স্বামী- শিবু ঘোষ, উভয়ের সাং-এন সারদা নগর, চন্ডীবেড়িয়া, মিলনবাজার, রাজারহাট, উত্তর ২৪ পরগনা, ব্যক্তিগণকে গত ১০/৭/২৪ তারিখে A.D.S.R. কৃষ্ণনগর অফিসে ৬৯৪৩ নং কোবালা দলিল বলে বিক্রয় করেন। এখন সম্পত্তিটি শিবু ঘোষ ও শম্পা ঘোষ-এর নামে রেকর্ডভুক্ত করা হবে। এই সম্পর্কে কারো কোনো অভিযোগ থাকলে কৃষ্ণনগর B.L. & L.R.O. অফিসে ১৫ দিনের মধ্যে জানাবেন।

সুমন সাহা
অ্যাডভোকেট
কৃষ্ণলতার নদীয়া

বিজ্ঞপ্তি

এতদ্বারা জ্ঞাত করা যাইতেছে যে, আসানসোল এ. ডি. এস. আর. অফিসে রেঃ কৃত I-8232/2025 নং আমমোক্তারনামা দলিলমূলে ১/ শ্রীমতী উমা কর্মকার পিতা স্বর্গীয় প্রহ্লাদ চন্দ্র কর্মকার সাং বর্মন বেকারী রোড, পোষ্ট বার্নপুর থানা হীরাপুর, জেলা পশ্চিম বর্ধমান ২/ সুভাষ চন্দ্র কর্মকার পিতা স্বর্গীয় প্রহ্লাদ চন্দ্র কর্মকার সাং ঝালদা পৌরসভা ওয়ার্ড নং ১২, পোষ্ট ও থানা ঝালদা, জেলা পুরুলিয়া মহাশয় গন মনোহর কর্মকার পিতা স্বর্গীয় প্রহ্লাদ চন্দ্র কর্মকার সাং ঝালদা পৌরসভা ওয়ার্ড নং ১২, পোষ্ট ও থানা ঝালদা, জেলা পুরুলিয়া কে আমমোক্তার নিযুক্ত করেন এবং উক্ত আমমোক্তার দাতাগন পক্ষে নিযুক্তিয় উক্ত আমমোক্তার ও স্বয়ং কর্তৃক তাহাদের জেলা বাঁকুড়া, থানা ছাতনা এর অন্তর্গত মুরগাথোল মৌজার মধ্যে হাল এল. আর, মাপে ১৫৬ নং খতিয়ানভুক্ত বর্তমান হাল এল. আর. মাপে ১৭৬/৪৫৫ নং দাগে ০.০৩ একর সম্পত্তি ১/ শ্রী রাহুল কর্মকার পিতা কার্তিক কর্মকার ২/ রত্নাকর কর্মকার পিতা সুবোধ কর্মকার উভয়ের সাকিম মুর্গাথোল, পোঃ জোড়জীড়া, থানা ছাতনা, জেলা বাঁকুড়া পিন নং ৭২২১৩৭ মহাশয়গন বরাবর এ. ডি. এস. আর. বাঁকুড়া অফিসে রেঃ কৃত I-010205215/2025 নং কোবালা দলিলমূলে বিক্রয় করেন। উক্ত বিষয়ে কাহারো কোন বক্তব্য থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ১ মাস মধ্যে সংশ্লিষ্ট বি.এল. এন্ড এল. আর. ও কে জানাইবেন। অন্যথায় আইন মোতাবেক নিয়মানুযায়ী কার্য্য হইবে।

ABHISHEK CHAUDHURI
ADVOCATE, BANKURA COURT

।। বিজ্ঞপ্তি।।

মহামান্য ডিষ্ট্রিক্ট ডেলিগেট আদালত, চন্দননগর
এ্যাক্ট ৩৯ কেস নং ৩২/২০২৪
দরখাস্তকারী শ্রীমত্যা সুষমা দালাল

এতদ্বারা জ্ঞাত করা যাইতেছে যে, ০২/১১/২০২২ তারিখে সুনীল দালাল, সাং-নহুসেনপুর, পোঃ-বন্দীপুর, থানা-হরিপাল, জেলা-হুগলী, পিন-৭১২৪০৭, পরলোক গমন করায় তাহার সাকসেশন সার্টিফিকেট লইবার জন্য তাহার শ্রীমত্যা সুষমা দালাল, সাং-নহুসেনপুর, পোঃ-বন্দীপুর, থানা-হরিপাল, জেলা-হুগলী, পিন-৭১২৪০৭, তাহার মুরালীধর রতনলাল এক্সপোর্ট লিমিটেড, ইউনিট ইন্ডিয়া জুট মিল, শ্রীরামপুর হুগলী-তে গ্র্যাচ্যুইটি বাবদ ১১,৬৪২ টাকা ও পি.এফ. বাবদ ৭৭,১২৫ টাকা মোট ৮৮,৬৭৬ টাকার জন্য দরখাস্ত করিয়াছেন, সেমতে উক্ত বিষয়ে কাহারো কোন আপত্তি থাকিলে অত্র বিজ্ঞপ্তি প্রকাশের ১ মাসের মধ্যে আদালতে আপত্তি দাখিল করিবেন। উক্ত সময়ের পরে কোন আপত্তি গ্রাহ্য হইবে না।

দরখাস্তকারীর তরফে
Dhiraj Sanbui
উকিলবাবুর সহি

আদালতের আদেশানুসারে
সৌমেন ঘোষাল
সেরেস্তাদার

বিজ্ঞপ্তি

আমমোক্তারনামা

এতদ্বারা সকলকে জানানো যাইতেছে যে নিলাক্ষী কুন্ডু, পিতা মৃত অশোক কুন্ডু, সাং- কৃষ্ণনগর, পোঃ ও থানা-জাঙ্গীপাড়া, জেলা-হুগলী বিগত ইংরাজির ২১/০৬/২০২২ তারিখে এ্যা.ডি.এস.আর. জাঙ্গীপাড়া অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ০৬১৫ নং ভলুমে ৫৪৯৫২ নং হইতে ৫৪৯৬৪ নং পাতায় লিপিবদ্ধ ২২৪৬/২২ নং আমমোক্তার দলিল মূলে আমাকে সুমনা কুন্ডু, স্বামী মৃত অশোক কুন্ডু, সাং-কৃষ্ণনগর, পোঃ ও থানা-জাঙ্গীপাড়া, জেলা-হুগলী, পিন নং ৭১২৪০৪, হাল সাং- ৬৭/ই বড় বাগান লেন, পোঃ ও থানা-শ্রীরামপুর, জেলা-হুগলী, ৭১২২০৩ ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার নিযুক্ত করেন ও উক্ত আমমোক্তার নামা দলিল বলে আমি নিম্নোক্ত তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয় করিতেছি। তপশীল ঃ- জেলা হুগলী, থানা জাঙ্গীপাড়া, অধিন মৌজা কৃষ্ণনগর, জে.এল. নং. ৫৬, হাল খতিয়ান নং ৭১১০, সাবেক ও হাল ৬৩২ দাগ, বাস্তু ১১ শতক মধ্যে ০২ শতক। অত্র দলিলে আমমোক্তারকৃত সম্পত্তি হইতেছে। এতদ্বারা সকলকে অবগত করা যাইতেছে যে উক্ত সম্পত্তি বিক্রয় পর ক্রেতাগন তাহাদের খরিদা সম্পত্তি নিজ নিজ নামে নাম পত্তন করিবার জন্য বি.এল. এন্ড এল.আর.ও. জাঙ্গীপাড়া ব্লক অফিসে আবেদন করিবেন। ইহাতে কাহারো কোন আইনানুগ আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার এক মাস মধ্যে সংশ্লিষ্ট অফিসে আপত্তি জানাইতে পারিবেন। অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য হইবে।

ইতি
সুমনা কুন্ডু
আমমোক্তার

NOTICE

Notice is hereby given that **Shefali Das** W/o Amar Das, of 447, 3 No. Natungram, P.O. Morepukur, P.S. Rishra, Dist. Hooghly, Pin 712250, an owner of landed property measuring 10 Chataks, situated at Mouza Rishra, J.L. No. 27, R. S. Dag No. 1061, R. S. Khatian No. 40, L. R. Dag No. 11186, L. R. Khatian No. 2411, Holding no. 447, Natungram, P.O. Morepukur, P.S. Rishra, District Hooghly, Pin-712250, under Rishra Municipality, by virtue of **registered deed of Gift being no. 2018 of 2022**, registered at A.D.S.R. Serampore. The said gift deed is lost from my client's custody and subsequently a General Diary lodged at **Rishra P.S**. vide **GDE No. 362, dated-08/01/2026.** Therefore, if any person/s receive the same or having any claim, of any nature whatsoever against in respect of the said property is hereby requested to notify the same in writing to the undersigned with supporting documentary evidence within 07 days from the date hereof, failing which no such claims, demands, objections, etc. shall be entertained.

EJAZ AHMED (Advocate)
Serampore Court District Hooghly

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

উত্তর ২৪ পরগনা
অ্যাড কানেক্সন
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা,
ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১
ইমেইল- adconnexon@gmail.com

=বিজ্ঞপ্তি=

পাওয়ার দাতা:- (১) বাদল বালা কুন্ডু স্বামী- চৈতন্য চরন কুন্ডু (২) বেলা ভুঁই, স্বামী: কার্ত্তিক ভুঁই (৩) পুষ্প দে, স্বামী বিশ্বনাথ দে, সর্ব্ব সাং-গোবিন্দপুর, পো: নবজীবনপুর, থানা:- ওন্দা, জেলা: বাঁকুড়া। পাওয়ার গ্রহীতা- শ্রী মুরুলি দে, পিতা: স্বর্গীয় করালী দে, সাকিম-গোবিন্দপুর, পো: নবজীবনপুর, থানা:- ওন্দা, জেলা: বাঁকুড়া। কোবালা গ্রহীতা-শ্রী স্বপন লোহার, পিতা: স্বর্গীয় টিরু লোহার, সাং-গোবিন্দপুর, পো: নবজীবনপুর, থানা:- ওন্দা, জেলা: বাঁকুড়া। পাওয়ার নং-Book IV 010800034 Date -09.07.2015 পরিমান- ৪ (চার) শতক। দলিল নং- I-010800613/2016, Date - 22.08.2016, তপশীল:- মৌজা- গোবিন্দপুর, জে.এল- ২২৩, দাগ নং- ৪২৭, খতিয়ান নং ১৮০, পরিমান-৪ (চার) শতক।

=বিজ্ঞপ্তি=

পাওয়ার দাতা:- (১) শ্রী শিবশান্তি হাজরা, পিতা- স্বর্গীয় মহিমা মুকুল হাজরা পক্ষে ক্ষমতাপ্রাপ্ত আমমোক্তার শ্রী হরেন্দ্র কুমার দে, পিতা:- স্বর্গীয় নিশিকান্ত দে, সাং+পো:- রামসাগর, থানা: ওন্দা, জেলা:-বাঁকুড়া। পাওয়ার গ্রহীতা- (১) শ্রী শ্যামল কুমার দত্ত, পিতা-গৌতম দত্ত (২) শ্রী কমলাকান্ত দত্ত, উভয়ের পিতা: স্বর্গীয় অনাদিচরন দত্ত, সাং:- বিদ্যানন্দপুর, পো: থানা: সোনামুখী, জেলা: বাঁকুড়া। কোবালা গ্রহীতা:-শ্রী রবীন্দ্রনাথ মন্ডল, পিতা: রাখাল চন্দ্র মন্ডল, সাং:-সিংহাটি, পো:-রামসাগর, থানা:-ওন্দা, জেলা: বাঁকুড়া, পিন নং-৭২২১৪৭ পাওয়ার নং-787/1988 তারিখ - 22.04.1988, পরিমান- ৮ শতক, দলিল নং-I-494/2006, তারিখ -31.03.2006, তপশীল:- মৌজা- সিংহাটী, জে.এল- ২৫৪, দাগ নং ৭৫, খতিয়ান নং- ১৩০, পরিমান ৮ শতক। উক্ত বিষয়ে দাতাগণের বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তির আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রচার এর পর ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট B.L & L.R.O অফিস এর নিকট আপত্তি জানাইতে পারিবেন। অন্যথায় নিয়ম অনুসারে কার্য্য হইবে।

SANDIP DAS, District Judge's Court, Bankura

NOTICE

This is to inform that, my client **Zakir Hussain** S/o Tahir Ali, R/o- Debalpur, P.O-Kharagpur, P.S.- KGP(T), Dist.- Paschim Medinipur, PIN- 721301 executed General Power of Attorney in respect of 5.15 Dec. property, vide Deed No IV-9164/25 on dated 26/11/25 at Kharagpur A.D.S.R in favour of **Kurban Ali** S/o Sk. Ahmed Ali in respect of 5.15 Dec. property, R.S. Plot No. 14, L.R- 57 & 58, Khatian No. 1365/1/1, L.R. 2939, J.L. No. 232, Mouza - Inda, P.S.- KGP(T), Dist - Paschim Medinipur. Then said attorney are sold out approx 5.15 Dec. area of the said property to **Sabir Ali** S/o Sek Saokat Ali R/o-ChakSantra, P.O : Lakhichak, P.S.- Kharagpur (L), Dist- Paschim Medinipur, WB-721301, through the Deed No. I-9778/25 Dated 23/12/2025 at Kharagpur A.D.S.R.

That, if any person have any objection, then he / she may communicate with me within 30 days after publication otherwise his / her claim shall not be entitled as per law.

BRAJADULAL ADHIKARI
Advocate, Enro : F/683/1144/2014
KGP SDO Court, Paschim Medinipur

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

উত্তর ২৪ পরগনা

অ্যাড কানেক্সন
সন্তোষ কুমার সিং
হোম নং -৩, বিএল নং-১৮, মেঘনা মোড়, পোস্ট ও থানা-জগদ্দল, উত্তর ২৪ পরগনা, **ফোন- ৮৩৩৬০ ৮৮৭২১**
ইমেইল- **adconnexon@gmail.com**

এ.এন. বিজ্ঞাপন গ্রহনকেন্দ্র
সেখ আজাহার উদ্দিন, বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৪, **মোঃ- ৯৭৩৩৬৫২৬৩৬**

হুগলি

মা লক্ষ্মী জেরক্স সেন্টার,
সবাণী চ্যাটার্জি, ঠিকানা কোটের ধার ওল্ড জেলা পরিষদ, চুঁচুড়া, জেলা হুগলি, পিন: ৭১২১০১, **মোঃ ৯৪৩৩১৬৮৯১৮।**

জিৎ অ্যাডভার্টাইজিং এজেন্সি,
প্রসেনজিৎ সামন্ত, ঠিকানা- দলুইগাছা, সিঙ্গুর, বন্ধন ব্যাঙ্কের পাশে, জেলা- হুগলী, পশ্চিমবঙ্গ, **মোঃ ৯৮৩১৬৯৯২৪৪**

নদিয়া

টাইপ কর্ণার,
নিরঞ্জন পাল, ঠিকানা : কালেক্টরি মোড়, এসপি বাংলোর বিপরীতে, পোঃ কৃষ্ণনগর, জেলাঃ নদিয়া, পিন: ৭৪১১০১, **মোঃ ৯৪৭৪৩৩৪৯৭৮**

রাজ টেলিকম,
অমিতাভ বিশ্বাস, ঠিকানা: করিমপুর, জেলা নদিয়া, **মোঃ ৯৪৩৪৪২০৬৮৬/ ৯০৯৩৬৮৮৫৩০।**

সুজয়া উদ্যোগ সমূহ,
শ্রীধর অঙ্গন, বাজার রোড, নবদ্বীপ, নদিয়া-৭৪১৩২, **মোঃ ৯৩৩৩২২০৬৫৯।**

অবসর,
ডি. বালা, চাকদহ, নদিয়া। **মোঃ ৭৪০৭৪৮০১০৮।**

সবিতা কমিউনিকেশন,
প্রোঃ- রুমা দেবনাথ মজুমদার, ৪/১ প্রাচীন মায়াপুর ৩য় লেন, পোস্ট ও থানা- নবদ্বীপ, জেলা- নদীয়া, পিন-৭৪১৩০২, **মো-৮১০১৩ ৭৩৫৮১**

পূর্ব মেদিনীপুর

আইনক্স অ্যাড এজেন্সি
সুরজিৎ মাইতি, পিটপুর, কেশপাট, পূর্ব মেদিনীপুর-৭২১১৩৯, **মোঃ ৯৭৩২৬৬৬০৫২**

শ্যাম কমিউনিকেশন,
দেবব্রত পাঁজা, দেউলিয়া বাজার, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন: ৭২১১৫৪, **মোঃ ৯৪৭৪৪৪৬৮৯৬/ ৭০৭৪৪৯৩৭৯৬**

মানসী অ্যাড এজেন্সি,
শশধর মান্না, মেচেদা ও তমলুক, ঠিকানা: কাকডিহি, মেচেদা, কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন ৭২১১৩৭, **মোঃ ৯৮৩২৭০৯৮০৯/ ৯৯৩২৭৭০৭৬৭**

পশ্চিম মেদিনীপুর

মহালক্ষ্মী অ্যাডভার্টাইজিং এজেন্সি
দুর্গেশ চন্দ্র শুক্লা, ঠিকানা: হোল্ডিং নং. ১৬৮/১৪২, ওয়ার্ড নং-১৬, ভগবানপুর কালী মন্দিরের কাছে, খড়্গপুর টাউন, পশ্চিম মেদিনীপুর-৭২১৩০১ **মোঃ ৮৯১৮০৬৩৪৪৬**

শিলাবতী অ্যাড এজেন্সী,
রেখা দাস, নিউ মার্কেট (খিরিশ তলা), ঘাটাল, পশ্চিম মেদিনীপুর, **মোঃ ৯৯৩৩৩৫০৩৩৩**

মুর্শিদাবাদ

পি' অ্যাডস সলিউশন,
অমিত কুমার দাস, ১৬৭, দয়ানগর রোড, পোঃ- খাগড়া, জেলা- মুর্শিদাবাদ, পিন-৭৪২১০৩। **মোঃ ৯৪৭৪৫৭৮৬৩৫/ ৮৪৩৬৯৯৩০১৯।**

বীরভূম

সংবাদ সারাদিন,
মৃণালজিৎ গোস্বামী, সিউড়ি, নিউ জঙ্গলপাড়া, বীরভূম-৭৩১১০১। **মোঃ ৯৬৭৪১৭০২২৪, ৯৭৭৫২৭৬০২১।**

মিডিয়া হাউস,
প্রঃ- পরিতোষ দাস, কীর্ণাহার স্টেশন রোড, থানা- নানুর, বীরভূম। **মোঃ ৯৪৩৪৩৪৮৮১৯, ৯১৫৩০৬০২০৯।**

লক্ষ্মী অনুষ্ঠান ভবন,
প্রযত্নে দীপক কুমার মণ্ডল, নতুন বাসস্ট্যান্ড, রামপুরহাট, বীরভূম। **মোঃ ৯৯৩৩০০২৭৩১/ ৯৩৩৩৩১২৬৭১।**

A2Advantage Ad Agency.
শেফালী আচার্য্য, বেলেডাঙ্গাল, ভীমগড়, খয়রাশোল, বীরভূম, মোঃ ৭৯০৮১৬৩৬৩৫

মা তারা অ্যাডভার্টাইজিং এজেন্সী,
অক্ষয় ধীবর, শঙ্করী অ্যাপার্টমেন্ট, ফটকদুয়ার রোড, রামপুরহাট, বীরভূম- ৭৩১২২৪, (বর্ণপরিচয় স্কুলের কাছে), ৯৪৩৪২৫২৫০৪, maatara.adagency@gmail.com

পুরুলিয়া

অরিজিৎ সেন, চকবাজার, কাপড়গলি, বনমালি সেন লেন, পুরুলিয়া-৭২৩১০১, **মোঃ ৯৮৫১১৯৮১৬০।**

হাওড়া

ঋদ্ধি সিদ্ধি, বিজয় কুমার শ, রঞ্জিত জেরক্স, ৭, ঋষি বঙ্কিম চন্দ্র রোড, বিল্ডিং, হাওয়া কোর্ট, স্টল নং ০৭, হাওখা-৭১১১০১, **ফোন- ৯৩৩০৬৬৯৫১৮**

বালি ফটোকপি সার্ভিস,
সন্দীপ দে, ২৫, ধর্মতলা রোড (বেলুড় স্টেশন রোড), ধর্মরাজ জিউ মন্দিরের কাছে, বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২, **মোঃ ৯৪৩২২৩২৫২৩।**

প্রাক্তন প্রেমিকাকে হুমকি, আগ্নেয়াস্ত্র-সহ গ্রেপ্তার তিনজনকে আদালতে পেশ

নিজস্ব প্রতিবেদন, সোনারপুর: প্রাক্তন প্রেমিকাকে আগ্নেয়াস্ত্রের ছবি দেখিয়ে খুনের হুমকি দিয়ে পুলিশের জালে অভিযুক্ত সহ তিন দুষ্কৃতী। ধৃতদের কাছ থেকে উদ্ধার দুটি বন্দুক ও তিন রাউন্ড গুলি। সোনারপুর থানা এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে অভিযুক্তদের । ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে সোনারপুরের ঘাসিয়ারা এলাকায়। ধৃতদের শনিবার বারুইপুর মহকুমা আদালতে তোলা হয়েছে।

পুলিশ ও স্থানীয় সূত্রের খবর, শুচিস্মিতা সর্দার নামে এক তরুণী সোনারপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন প্রাক্তন প্রেমিক গৌতম গায়েনের বিরুদ্ধে। অভিযোগে তিনি জানান যে অভিযুক্ত বিগত কয়েক মাস ধরে তাঁকে ক্রমাগত হুমকি দিয়ে আসছিল এবং অর্থের দাবিতে তাঁকে শারীরিকভাবে নির্যাতনও করে। অভিযোগকারিণী টাকা দিতে অস্বীকার করলে এবং তার সঙ্গে সমস্ত সম্পর্ক ছিন্ন করার সিদ্ধান্ত নিলে, গত ১৪ জানুয়ারির সন্ধ্যায় অভিযুক্ত গৌতম সোনারপুর থানার অধীন ঘাসিয়াড়া এলাকায় তাঁর বাড়িতে এসে তাঁকে মারধর করে এবং ভয়াবহ পরিণতির হুমকি দেয়। সেই সময় অভিযুক্ত তাঁর মোবাইল ফোনে আগ্নেয়াস্ত্রের ছবি দেখায়। সেই আগ্নেয়াস্ত্র দিয়ে খুনের হুমকি দেয় শুচিশ্মিতাকে। এরপরেই সোনারপুর থানায় এ বিষয়ে অভিযোগ দায়ের করেন ওই তরুণী। অভিযোগ পেয়ে সোনারপুর থানার পুলিশ সঙ্গে সঙ্গে তদন্তে নামে। গত ১৫ জানুয়ারি গ্রেপ্তার করা হয় গৌতমকে। তাঁকে জিজ্ঞাসাবাদ করে পুলিশ হাসু রহমান লস্কর ও মনিরুল শেখ নামে জয়নগর থানার বহুরু এলাকার দুই দুষ্কৃতীকে গ্রেপ্তার করে। তাঁদের কাছ থেকেই উদ্ধার হয় দুটি আগ্নেয়াস্ত্র ও তিন রাউন্ড গুলি। কোথা থেকে এই আগ্নেয়াস্ত্র তাঁরা পেল সে বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। শনিবার বারুইপুর মহকুমা আদালতে তোলা হয়েছে। তাঁদেরকে নিজেদের হেফাজতে নিয়ে গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

মমতা ব্যানার্জিকে বাংলার জনতা উৎখাত করবে: অর্জুন

নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর: মমতা ব্যানার্জিকে বাংলার জনতা উৎখাত করবে। শনিবার জগদ্দলের সার্কাস মোড়ের ১০ নম্বর গলিতে দলের তরফে আয়োজিত পরিবর্তন সংকল্প সভায় যোগ দিয়ে এমনটাই বললেন প্রাক্তন সাংসদ অর্জুন সিং। এদিন তিনি বলেন, বাংলার জনতা মমতা ব্যানার্জিকে উৎখাত করবে। তাঁর অভিযোগ, বেলডাঙায় লুঙ্গি বাহিনী তাণ্ডব চালিয়ে যাচ্ছে। আর পুলিশ বসে বসে তামাশা দেখছে। ফারাক্কা-সহ আমডাঙা ও উত্তর দিনাজপুরের চাকুলিয়ায় একই ঘটনা ঘটেছে। তাঁর সাফ বক্তব্য, যাঁরা বন্দেমাতরম ধ্বনি দেবে না। তাঁদের জন্য পাকিস্তানের দরজা খোলা আছে। বিজেপি নেতা অর্জুন সিং এদিন আক্ষেপের সুরে বলেন, পুরো বাংলা জুড়ে ডেমোগ্রাফি বদলের চেষ্টা চলছে। ইতিমধ্যেই নয়টি জেলার ডেমোগ্রাফি বদলে গিয়েছে। ব্যারাকপুর সংসদীয় ক্ষেত্রের সনাতনীদের উদ্দেশ্যে তাঁর বার্তা, আপনাদের সম্পত্তি কেউ মুসলিমদের কাছে বিক্রি করবেন না। সম্পত্তি বেচলে আপনাদের এঁরাই তাড়িয়ে ছাড়বে। প্রসঙ্গত, এদিন মালদার সভা থেকে জুট শিল্প পুনরুজ্জীবনের কথা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পাশাপাশি ঘাসফুল সরকারকে নিশানা করে প্রধানমন্ত্রী বলেছেন, জুট শিল্পের উন্নয়নে তৃণমূল সরকার কিছুই করেনি। বাংলার যুবকদের রুটি-রোজগারের জন্য অন্য রাজ্যে যেতে হচ্ছে। এপ্রসঙ্গে শ্রমিক নেতা অর্জুন সিং বলেন, মালদায় এসে প্রধানমন্ত্রী যেমন জুট শিল্প বাঁচানোর কথা বলেছেন। তেমনি বাংলায় শিল্প আনার কথাও বলেছেন। শাসকদলকে নিশানা করে পদ্ম শিবিরের লড়াকু নেতা বলেন, বিপন্ন জুটমিল শ্রমিকদের পরিস্থিতি নিয়ে তৃণমূল নেতারা একটাও শধ

খরচ করছে না। যদিও প্রথমবার সাংসদ হওয়ার পর জুট শিল্পের উন্নয়নে তিনি সংসদে আওয়াজ তুলেছিলেন। তাঁর দাবি, বাংলা থেকে তৃণমূল বিদায় নিলেই জুট শিল্পের পাশাপাশি পুরসভার হালও বদলে যাবে। পুরনো স্মৃতি রোমন্থন করে প্রাক্তন সাংসদ অর্জুন সিং বলেন, ব্যারাকপুর বিদ্রোহের মাটি। এই ব্যারাকপুরের মাটি থেকেই মঙ্গল পাণ্ডে ১৮৫৭ সালে সিপাহী বিদ্রোহের সূচনা করেছিলেন। আর জগদ্দল লড়াইয়ের শক্ত ভূমি। জগদ্দলের মানুষ লড়তে জানে। জগদ্দলের মানুষ জবাব দিতেও জানে। এদিন পরিবর্তন সংকল্প সভার পাশাপাশি অসহায় মানুষজনের মধ্যে শীতবস্ত্র প্রদান করা হয়। উক্ত সভায় এদিন হাজির ছিলেন ভাটপাড়ার বিধায়ক পবন কুমার সিং, ব্যারাকপুর জেলার সহ-সভাপতি প্রিয়াঙ্গু পাণ্ডে, জেলার এক্সিকিউটিভ কমিটির সদস্য সঞ্জয় সিং ও সন্তোষ রায়, কাউন্সিলর সত্যেন রায়, বর্ষীয়ান শ্রমিক নেতা ওঙ্কার নাথ সাউ, জনক মাস্টার, উমেশ রায়, পরমেশ্বর সিং, রমেশ যাদব, আইনজীবী রাকেশ সিং, বিনয় মণ্ডল, রাজু শ্রীবাস্তব প্রমুখ।

বেলডাঙা অশান্তি নিয়ে উদ্বিগ্ন কমিশন, চিঠি রাজ্য সরকারকে

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: এসআইআর চলাকালীন বেলডাঙায় সাম্প্রতিক অশান্তির ঘটনায় উদ্বিগ্ন নির্বাচন কমিশন আইন শৃঙ্খলা রক্ষায় আরো যত্নবান হতে অনুরোধ জানিয়ে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, ডিজিপি এবং সব জেলাশাসকের কাছে চিঠি পাঠানো হয়েছে। এসআইআর চলাকালীন যেন কোনও ধরনের অশান্তি বা আইনশৃঙ্খলার অবনতি না ঘটে, চিঠিতে সেই দায়িত্ব সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তাদের উপর স্পষ্টভাবে আরোপ করা হয়েছে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব ও ডিজিপিকে পাঠানো চিঠিতে বলা হয়েছে, এসআইআর চলাকালীন রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা তাঁদের দায়িত্ব। কোনও এলাকায় হিয়ারিং কেন্দ্র ঘিরে যাতে পুনরায় অশান্তির ঘটনা না ঘটে, সে দিকেও বিশেষ নজর দিতে বলা হয়েছে। পাশাপাশি জেলার জেলাশাসকদেরও সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। কমিশনের নির্দেশে চলতি বছরের ৫ জানুয়ারি থেকে প্রতি সপ্তাহে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি-সহ সামগ্রিক রিপোর্ট পাঠাতে হচ্ছে সিইও দপ্তরকে। প্রথম সপ্তাহের রিপোর্টে চম্পাহাটির বাজি কারখানায় বিস্ফোরণ এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার ঘটনা উল্লেখ করা হয়েছিল। দ্বিতীয় সপ্তাহে বেলডাঙার অশান্তির বিস্তারিত রিপোর্ট পাঠানো হচ্ছে।

রবিবার মানেই কি রাস্তা বন্ধ? আট ঘণ্টা স্তব্ধ বিদ্যাসাগর সেতু, ক্ষোভে নিত্যযাত্রীরা

নিজস্ব প্রতিবেদন, হাওড়া: ফের আট ঘণ্টার জন্য বন্ধ থাকছে দ্বিতীয় হুগলি সেতু। রবিবার ভোর পাঁচটা থেকে দুপুর একটা পর্যন্ত কলকাতা, হাওড়া সংযোগের অন্যতম প্রধান শিরা বিদ্যাসাগর সেতুতে চলবে না কোনও যান। সংস্কার ও রক্ষণাবেক্ষণের যুক্তি সামনে রেখে এই সিদ্ধান্ত হলেও, কাজের গতি ও পরিকল্পনা নিয়েই প্রশ্ন তুলছেন সাধারণ মানুষ। কর্তৃপক্ষের দাবি, সেতুর দীর্ঘমেয়াদি সুরক্ষার স্বার্থেই এই কাজ জরুরি।

কিন্তু যাত্রীদের অভিজ্ঞতা ভিন্ন। এক বছর পেরিয়েও সংস্কার শেষ না হওয়ায় ক্ষোভ জমছে। এক নিত্যযাত্রীর কথায়, কাজ চলছে শামুক গতিতে, ভোগান্তি যেন নিত্যসঙ্গী।

প্রায় প্রতি রবিবার সেতু বন্ধ থাকায় সবচেয়ে বিপাকে কর্মজীবীরা। স্বাস্থ্যকর্মী থেকে পরিষেবা ক্ষেত্রের কর্মীরা প্রশ্ন তুলছেন; রবিবার কি সব জরুরি কাজ বন্ধ থাকে?

বাধ্য হয়ে হাওড়া ব্রিজ বা দীর্ঘ বিকল্প পথে যাতায়াত করতে গিয়ে সময় ও খরচ দুটোই বাড়ছে। পরিকল্পনার অভাব আর অনিশ্চিত সময়সীমাই আজ বিদ্যাসাগর সেতুকে উন্নয়নের প্রতীক নয়, ভোগান্তির নামান্তর করে তুলেছে; এমনটাই মত যাত্রীদের একাংশের।

নদীর জলে রাজকীয় অবসর, পর্যটকদের ক্যামেরায় সুন্দরবনের দক্ষিণরায়ের জলকেলি

নিজস্ব প্রতিবেদন, সুন্দরবন: সুন্দরবনের জঙ্গলে ফের ধরা পড়ল রাজকীয় মুহূর্ত। পীরখালি চার নম্বর জঙ্গলে শুক্রবার বিকেলে পর্যটকদের ক্যামেরায় বন্দি হল রয়্যাল বেঙ্গল টাইগার। নদীর জলে অর্ধেক শরীর ডুবিয়ে নিশ্চিন্তে বসে থাকা দক্ষিণরায়ের সেই দৃশ্য মুহূর্তেই রোমাঞ্চ ছড়িয়ে দেয় নৌকোয় থাকা পর্যটকদের মধ্যে। প্রত্যক্ষদর্শীদের ভাষায়, বাঘটা বেশ কিছুক্ষণ জলেই ছিল, কখনও নড়েনি, যেন আমাদের দেখছিল।

কিছুক্ষণ জলকেলির পর বাঘটি নদীর পাড় ঘেঁষে ঘোরাফেরা করে, কখনও গাছের আড়ালে, কখনও খোলা জায়গায়। তবে পর্যটকদের উত্তেজনায় ওঠা চিৎকার ও বোটের শব্দে আচমকাই জল ছেড়ে জঙ্গলের গভীরে সরে যায় সে। অনেকেরই দাবি, সুন্দরবনে বারবার এলেও এত কাছ থেকে আগে কখনও বাঘ দেখিনি। বন দপ্তরের মতে, পর্যটন জোনে বাঘের চলাচল বাড়ছে, সংখ্যাও স্থিতিশীল; এটা পরিবেশের পক্ষে শুভ লক্ষণ। একই সঙ্গে পর্যটকদের সতর্ক করে বলা হয়েছে, বন্যপ্রাণী বিরক্ত করা চলবে না। বিশেষজ্ঞদের মতে, দক্ষিণরায়ের এমন অবাধ বিচরণই প্রমাণ করে; সুন্দরবনের প্রকৃতি এখনও সুস্থ ও স্বাভাবিক রয়েছে।

ভক্তির পথে মায়াপুর, জয়রামবাটি ট্রেনে মিলল বিশ্বাসের নতুন সংযোগ

নিজস্ব প্রতিবেদন, মায়াপুর: শনিবার মায়াপুর থেকে জয়রামবাটি পর্যন্ত নতুন ট্রেন পরিষেবা চালু হতেই আধ্যাত্মিক বাংলার মানচিত্রে যোগ হল এক আবেগঘন অধ্যায়। রেল কর্তৃপক্ষের ভাষায়, এটি শুধু যাতায়াতের ব্যবস্থা নয়, ভক্তির দুই মহাকেন্দ্রের হৃদয়ের যোগ। একদিকে শ্রীচৈতন্য মহাপ্রভুর স্মৃতিবিজড়িত মায়াপুর, অন্যদিকে মা সারদার পবিত্র জন্মভূমি জয়রামবাটি;এই দুই তীর্থকে যুক্ত করল লৌহপথ।

ভক্তদের মতে, এতদিন এই যাত্রা ছিল কষ্টসাধ্য ও সময়সাপেক্ষ। নতুন ট্রেন চালু হওয়ায় সেই দুর্ভোগ কাটল। এক প্রবীণ ভক্তের কথায়, এবার ভক্তি নিয়ে ছুটতে আর বাধা রইল না। রেল প্রশাসনের দাবি, এই পরিষেবা তীর্থযাত্রীদের আবেগকে সম্মান জানিয়ে পরিকল্পিত।

মায়াপুর ও জয়রামবাটির মধ্যে এই রেলসংযোগকে তাই নিছক উন্নয়ন নয়, বরং আধ্যাত্মিক বাংলার আত্মিক বন্ধন দৃঢ় করার এক ঐতিহাসিক পদক্ষেপ হিসেবেই দেখছেন ভক্তসমাজ।

সত্যমেব জয়তে
ভারত সরকার

বিকশিত বাংলা
বিকশিত ভারত

"বাংলার উন্নয়নই ভারতের ভবিষ্যতের ভিত্তি তৈরি করে এবং আজকের এই উদ্বোধন সেই ভিত্তিকে আরও শক্তিশালী করবে"

শ্রী নরেন্দ্র মোদী, মাননীয় প্রধানমন্ত্রী

পশ্চিমবঙ্গের বন্দর, নৌপরিবহন, জলপথ ও রেল খাতে ৮৩০ কোটি টাকার বেশি মূল্যের পরিকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহের এক পরিবর্তনকারী উপহার

ভিত্তিপ্রস্তর স্থাপন

আইডক্লুটি টার্মিনাল ও রোড ওভারব্রিজ সহ বলাগড়ে সম্প্রসারিত পোর্ট গেট সিস্টেম

- শ্যামাপ্রসাদ মুখার্জী পোর্ট অথরিটি, কলকাতার ক্ষমতা বৃদ্ধি
- কলকাতার যানজট হ্রাস
- কন্টেনারে পরিবাহিত কয়লা এবং সাধারণ পণ্যের ক্রমবর্ধমান পরিমাণ আরও মসৃণভাবে পরিচালন
- লজিস্টিক ব্যয় হ্রাস এবং কর্মসংস্থান বৃদ্ধি

উদ্বোধন

জয়রামবাটী ও ময়নাপুরের মধ্যে নতুন রেল লাইন

- বাঁকুড়া জেলা এবং পার্শ্ববর্তী অঞ্চলের জন্য দ্রুত ও সুবিধাজনক রেল যোগাযোগ
- জয়রামবাটী ও কামারপুকুরের মত তীর্থস্থানগুলিতে যাতায়াত সহজতর হবে
- শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং অত্যাবশ্যকীয় পরিষেবাগুলির অধিক সহজলভ্যতা
- আঞ্চলিক বাণিজ্য, পর্যটন এবং জীবিকার জন্য নতুন সুযোগ

প্রবর্তন

কলকাতায় বৈদ্যুতিক ক্যাটামারান

- ৫০ জন যাত্রীর জন্য শীতাতপ নিয়ন্ত্রিত কেবিনসহ পরিবেশবান্ধব জলযান
- ভ্রমণের সময়কে উল্লেখযোগ্যভাবে কমায় এবং সড়ক পরিবহনের উপর চাপ হ্রাস করে
- অধিক স্বাচ্ছন্দ্যের জন্য অত্যাধুনিক সুযোগ-সুবিধা দ্বারা সজ্জিত
- পর্যটন এবং আঞ্চলিক অর্থনীতিকে শক্তিশালী করে

শুভ সূচনা

কলকাতা (সাঁতরাগাছি)-তাম্বরম অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন
কলকাতা (হাওড়া)-আনন্দ বিহার টার্মিনাল অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন
কলকাতা (শিয়ালদহ)-বেনারস অমৃত ভারত এক্সপ্রেস ট্রেন
জয়রামবাটী-ময়নাপুর প্যাসেঞ্জার ট্রেন

- দীর্ঘ দূরত্বের ভ্রমণের জন্য নির্ভরযোগ্য, দক্ষ ও নিরাপদ বিকল্প
- বাণিজ্য, ব্যবসা এবং যাত্রী চলাচল উন্নত করার জন্য উত্তর ও দক্ষিণের গুরুত্বপূর্ণ কেন্দ্রগুলোর সাথে উন্নত সংযোগ স্থাপন

শ্রী নরেন্দ্র মোদী
মাননীয় প্রধানমন্ত্রী
দ্বারা

গৌরবময় উপস্থিতি

ডঃ সি.ভি. আনন্দ বোস
রাজ্যপাল, পশ্চিমবঙ্গ

মমতা ব্যানার্জী
মুখ্যমন্ত্রী, পশ্চিমবঙ্গ

সর্বানন্দ সোনোয়াল
কেন্দ্রীয় মন্ত্রী, বন্দর, নৌ-পরিবহন ও জলপথ মন্ত্রক

অশ্বিনী বৈষ্ণব
কেন্দ্রীয় মন্ত্রী, রেলমন্ত্রক, তথ্য ও সম্প্রচার এবং ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি

শান্তনু ঠাকুর
কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, বন্দর, নৌ-পরিবহন ও জলপথ মন্ত্রক

ডঃ সুকান্ত মজুমদার
কেন্দ্রীয় প্রতিমন্ত্রী, শিক্ষা ও উত্তর-পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক

শুভেন্দু অধিকারী
বিরোধী দলনেতা, পশ্চিমবঙ্গ বিধানসভা

রচনা ব্যানার্জী
সাংসদ

সৌমিত্র খাঁ
সাংসদ

শমীক ভট্টাচার্য
সাংসদ

DD NEWS ডিডি নিউজে সরাসরি সম্প্রচার | রবিবার, ১৮ জানুয়ারি ২০২৬ | বেলা ৩টা | সিঙ্গুর, হুগলি, পশ্চিমবঙ্গ

সম্পাদকীয়

নোবেল নিয়ে এই নাটক খারাপ নজির, বাড়ছে বিতর্ক

নিজের পাওয়া নোবেল মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে দান করে বিশ্বব্যাপী এক নয়া বিতর্কের জন্ম দিলেন ভেনেজুয়েলার বিরোধীনেত্রী তথা ২০২৫ সালের নোবেল শান্তি পুরস্কারজয়ী মারিয়া মাচাদো। এভাবে একজনের পাওয়া নোবেল পুরস্কার কি অন্য কাউকে দেওয়া যায়? উঠছে প্রশ্ন। উল্টোদিক থেকে সেটা এভাবে কেউ নিতে পারে কিনা সে প্রশ্নও উঠছে। তাহলে পুরস্কার প্রাপক হিসেবে ইতিহাসে কারই বা নাম থাকবে? পুরস্কার মূল্যও কি হস্তান্তর করা হবে? এইরকম হাজারো প্রশ্নের মুখে দাঁড়িয়ে নরওয়ের নোবেল কমিটি সাফ জানিয়ে দিয়েছে, তাঁরা মাচাদোকেই নির্বাচিত করেছেন, তাঁকেই সম্মানিত করেছেন। তবে পুরস্কার প্রাপক তাঁর পুরস্কারের স্মারক, বা পুরস্কার মূল্য নিয়ে কী করবেন তা নিয়ে তাঁদের বক্তব্য নেই। এ নিয়ে নোবেল কমিটির কোনও গাইডলাইনও নেই। পুরস্কারজয়ী তাঁর পুরস্কার নিয়ে যা ইচ্ছে তাই করতে।পারেন। সেক্ষেত্রে তাঁদের কোনও বক্তব্য নেই। তবে নোবেল কমিটি এই বিবৃতিতে কোথাও মাচাদো বা ট্রাম্পের নাম বলেনি। তবে নোবেল কমিটির এই বিবৃতির পরও নোবেল বিতর্ক থামার কোনও লক্ষণই নেই। গোটা বিশ্বই কার্যত তাজ্জব বনে গিয়েছে মাচাদো ও ট্রাম্পের আচরণে। ট্রাম্প যে ভাবে অম্লান বদনে মাচাদোর দেওয়া নোবেল গ্রহণ করেছেন বিশ্বজুড়ে তার সমালোচনা চলছে। ট্রাম্প অবশ্য এসব নিয়ে মাথা ঘামাতে নারাজ। তিনি আপাতত ভেনেজুয়েলায় নিজের একটি পেটোয়া সরকারকে বসাতে যাবতীয় মনোযোগ দিয়েছেন। সে দেশের খনিজ তেলের ভাণ্ডারের ওপর নিজেদের দখল আরও শক্তপোক্ত করতে এখন যা সবচেয়ে জরুরি। কারাকাস থেকে সর্বশেষ যা খবর আসছে তাতে ট্রাম্প প্রশাসন এখন মাচাদোর দিকেই ঝুঁকে কারণ, মাচাদো প্রথম থেকেই মাদুরোর বিরোধী। তাই স্বাভাবিক ভাবেই ট্রাম্পের পয়লা নম্বর পছন্দ। কিন্তু ক্ষমতার অলিন্দে ঢুকতে নোবেল পুরস্কারকে যেভাবে ব্যবহার করা হচ্ছে, সেটা না হলেই বোধহয় ভালো হত। এটা খুবই খারাপ দৃষ্টান্ত হয়ে রইল আগামী প্রজন্মের জন্য।

শব্দছক ৪৭

রবি দাস

পাশাপাশি: ১. দরকার ৩. কারোর ভাগ হাতানোর চেষ্টা ৫. বাক্যব্যায় ৬. হস্তী ৮. বন্ধু ১০. আসল নয় ১২. সমস্ত তলের সর্বনিম্নটি ১৪. শক্তি-প্রয়োগ ১৫. কিছু হতে পারার সম্ভাবনা ১৬. দয়াধারী নারী ১৮. প্রণয়কারিণী ১৯. মহাদেব ২০. নিশানা ২২. বাঁচানো ২৩. মাখন ২৪. লোভের বশবর্তী

ওপর-নিচ: ১. রীতি ২. পর্বত ৩. মেঘ বা বৃষ্টি ৫. গোর ৭. জনসমাগমের প্লাবন ৮. স্বল্প খরুচের বিষয় ৯. ভাদ্রের ফল ১১. কর্ম-র কাব্যরূপ ১৩. বাসস্থানের ঘর ১৬. জ্বালা-যন্ত্রণা ১৭. সহিষ্ণুতা ১৮. সর্বোপরি ২১. রম্ভা ২২. নিয়োজিত

সমাধান ৪৬ — পাশাপাশি: ১. বল ৩. প্রকাশ ৬. নয়ন ৮. সত্য ৯. লবঙ্গ ১০. আরবি ১২. হারা ১৩. ভাবা ১৪. রাজ্যহারা ১৬. সসীম ১৮. গান ১৯. নবান্ন ২১. কানন ২২. গদা

ওপর-নিচ : ১. বনজ ২. লয় ৪. কাজল ৫. নিত্য ৭. নজর ৮. সঙ্গহারা ১০. আবাসন ১১. বিরামহীন ১৫. হাসন ১৭. অন্নদা ১৮. গাধা ২০. বাগ

জন্মদিন

১৯৩৫ *বিশিষ্ট রাজনীতিবিদ বীরবাহাদুর সিংয়ের জন্মদিন।*

১৯৭২ *বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় বিনোদ কাম্বলির জন্মদিন।*

১৯৭৫ *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী মনিকা বেদির জন্মদিন।*

বিনোদ কাম্বলি

মাস্টারদা সূর্য সেন

নির্ভয়ে গেলেন ফাঁসির মঞ্চে

এস ডি সুব্রত

১২ জানুয়ারি মাস্টারদা সূর্য সেনের ফাঁসি দিবস। ১৯৩৪ সালের ১২ জানুয়ারি মধ্যরাতে চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারে সূর্য সেন ও বিপ্লবী তারকেশ্বর দস্তিদারের ফাঁসি কার্যকর করা হয়। তাদের উপর ব্রিটিশ সেনারা নির্মম অত্যাচার করে। ব্রিটিশরা হাতুড়ী দিয়ে তাদের দাঁত ও হাড় ভেঙে দেয়। হাতুড়ী দিয়ে ইচ্ছে মতো পিটিয়ে অত্যাচার করে। এই অত্যাচারের এক পর্যায়ে মাস্টারদা ও তারকেশ্বর দস্তিদার অজ্ঞান হয়ে যায়। এরপর তাদের অর্ধমৃত দেহগুলোকে ফাঁসির রশিতে ঝুলিয়ে পুরো মৃত্যু নিশ্চিত করে জেলা খানা থেকে ট্রাকে তুলে চার নং স্টীমার ঘাটে নিয়ে যাওয়া হয়। তারপর মৃতদেহ দুটোকে বুকে লোহার টুকরো বেঁধে বঙ্গপসাগর ও ভারত মহাসাগর সংলগ্ন একটি জায়গায় ফেলে দেয়া হয়। যাতে কেউ মাস্টারদা ও তারকেশ্বরের মৃত দেহও খুঁজে না পায়।

মাস্টারদা সূর্য সেন ছিলেন বিপ্লবী, 'যুগান্তর' দলের চট্টগ্রাম শাখার প্রধান এবং ১৯৩০ সালের চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের প্রধান সংগঠক। পুরো নাম সূর্যকুমার সেন। ডাক নাম কালু। ২২ শে মার্চ ১৮৯৪ সালে বর্তমান বাংলাদেশের চট্টগ্রামে অবস্থিত রাউজান থানার নোয়াপাড়ায় জন্মগ্রহণ করেছিলেন মাস্টার দা সূর্য সেন। পরিবারে অর্থনৈতিক অবস্থা ভালো ছিল না। পিতা রাজমনি সেন ও মাতা শশী বালা সেনের চতুর্থ সন্তান ছিলেন। তাঁরা মোট দুই ভাই ও চার বোন ছিলেন। মাস্টার দা সূর্য খুব অল্প বয়সেই তাঁর মাতা-পিতাকে হারান । তিনি তাঁর কাকা গৌরমনি সেনের কাছেই বড় হন। ছোট বেলা থেকেই সূর্য সেন পড়াশোনার দিকে পারদর্শী ছিলেন। তিনি দয়াময়ী উচ্চ প্রাথমিক বিদ্যালয় থেকে তাঁর প্রাথমিক শিক্ষা গ্রহণ করেন এবং পরে নোয়াপাড়া উচ্চ ইংরেজি বিদ্যালয়ে পড়াশোনা করেন। পরে তিনি হরিশদত্তের ন্যাশনাল স্কুল থেকে এন্ট্রান্স পরীক্ষা পাশ করে তত কালীন বাংলার বিখ্যাত একটি শিক্ষাপ্রতিষ্ঠান চট্টগ্রাম কলেজে উচ্চ শিক্ষার জন্য ভর্তি হন। এখানে তিনি এফ. এ. পাশ করে ও বি.এ-তে ভর্তি হন। বেশ কিছু কারণে তাঁকে এই কলেজ থেকে বিতাড়িত করা হয়। ফলে, তাঁকে ভারতের পশ্চিমবঙ্গে অবস্থিত মুর্শিদাবাদ জেলার বহরমপুর কৃষ্ণনাথ কলেজে থেকে তাঁর বি.এ কমপ্লিট করতে হয়।ব

হরমপুর কৃষ্ণনাথ কলেজ থেকে বি.এ কমপ্লিট করার পর তিনি চট্টগ্রামে ফিরে এসে হরিশদত্তের ন্যাশনাল স্কুলেই শিক্ষকতা শুরু করেন। পরে গান্ধীজির অসহযোগ আন্দোলনের ফলে বিদ্যালয়টি বন্ধ হয়ে যায় ফলে তিনি উমাতারা উচ্চ ইংরেজি বিদ্যালয়ে গণিতের শিক্ষক হিসেবে শিক্ষকতা শুরু করেন।

মাস্টার দা সূর্য সেন বিবাহ করার পক্ষে ছিলেন না। তবে চন্দ্রনাথ সেন ও অন্যান্য আত্মীয়দের চাপে তিনি ১৯১৯ সালে চট্টগ্রামের বোয়ালখালী উপজেলার কানুনগোপাড়ার নগেন্দ্রনাথ দত্তের ষোল বছরের কন্যা পুষ্পকুন্তলা দত্তকে বিয়ে করেন। তবে তিনি তাঁর বিবাহের তিন দিন পরেই গ্রাম ছেড়ে শহরে চলে আসেন। ১৯২৬ সালে তাঁর স্ত্রী টাইফয়েড রোগে মারা যান। বহররমপুর কৃষ্ণনাথ কলেজে পড়াশোনা করার দরুন তিনি যুগান্তর দলের সদস্য অধ্যাপক সতীশচন্দ্র চক্রবর্তীর সন্নিকটে আসেন এবং বিপ্লবি ভাবধারার সঙ্গে যুক্ত হন। এর পর ১৯১৮ সালে চট্টগ্রামে ফিরে এসে তিনি অনুরূপ সেন, চারুবিকাশ দত্ত, অম্বিকা চক্রবর্তী, নগেন্দ্রনাথ সেন প্রমুখদের সঙ্গে নিয়ে চট্টগ্রামে গোপন বিপ্লবী দল গঠন করেন। শিক্ষকতার সাথে যুক্ত থাকার কারণে তাঁকে অন্যান্য বিপ্লবীরা মাস্টার দা নাম দেন। ১৯১৯ সালের পাঞ্জাবের জালিয়ানওয়ালাবাগের হত্যাকান্ডের প্রতিবাদে চট্টগ্রামের ছাত্ররা ক্লাসবর্জন সহ সভা-সমাবেশ করে। সভায় সূর্যসেন তাঁর বক্তৃতায় ব্রিটিশ বিরোধী মনোভাব জাগিয়ে তুলতে সক্ষম হন। অহিংস নীতিতে বিশ্বাসী মোহন দাস করম চাঁদ গান্ধী আফ্রিকা থেকে এসে ভারতীয় জাতীয় কংগ্রেসে যোগ দেন। তাঁর ডাকে সাড়া দিয়ে ব্রিটিশ বিরোধী আন্দোলনে সাধারণ মানুষ উজ্জীবিত হয়েছিল। চট্টগ্রামের বিপ্লবীরাও ছাত্র ধর্মঘট, হরতাল, শিক্ষাপ্রতিষ্ঠান ও আদালত বর্জন, সভা-সমাবেশ বক্তৃতাসহ নিয়মতান্ত্রিক আন্দোলন চালাতে থাকে।

এ সময়ের দুটি ঘটনা গুরুত্বপূর্ণ। (১) ব্রিটিশ মালিকানাধীন জাহাজের শ্রমিকদের সফল ধর্মঘট এবং (২) ব্রিটিশ মালিকানাধীন সিলেট ও কাছাড়ের চা বাগান শ্রমিকদের ধর্মঘট ও চাঁদপুরে ধর্মঘটি শ্রমিকদের উপর পুলিশ এবং গোর্খা সৈন্যদের গুলিবর্ষণে অনেকের হতাহত হওয়ার ঘটনা। এ ঘটনার প্রতিবাদে আসাম-বেঙ্গল রেল ধর্মঘট শুরু হয়। এর ফলে চট্টগ্রামের কংগ্রেস নেতা যতীন্দ্রমোহন সেনগুপত ও শেখ-ই-চাটগ্রাম কাজেম আলী মাস্টারের পাশাপাশি মাস্টারদা সূর্যসেন এর নামও ছড়িয়ে পড়ে। অসহযোগ আন্দোলনে জড়িয়ে পড়ে তিনি স্কুলের শিক্ষকতা ত্যাগ করেন এবং দেওয়ানবাজার এলাকায় 'সাম্যশ্রম' নামের আশ্রম প্রতিষ্ঠা করে সেখান থেকেই তিনি কংগ্রেসের কাজ ও গোপনে বিপ্লবীদের কর্মকান্ড পরিচালনা করতে থাকেন। অসহযোগ আন্দোলনের ফলে গান্ধীজীর স্বরাজ অর্জিত না হলেও বাংলার বিপ্লবীরা পুনরায় সংঘবদ্ধ হয়ে ব্রিটিশ রাজত্বের অবসানে সংকল্পবদ্ধ হয়। চট্টগ্রামের বিপ্লবীরা মাস্টারদা এর নেতৃত্বে সংঘবদ্ধ হন। বিপ্লব পরিচালনার জন্য নগদ অর্থের প্রয়োজন ছিল বলে তাঁরা প্রাথমিক পদক্ষেপ হিসেবে আসাম-বেঙ্গল রেলওয়ের চট্টগ্রাম কোষাগার লুণ্ঠন করেন। এই ঘটনার কিছুদিন পরই সূর্যসেন ও অম্বিকা চক্রবর্তীকে পুলিশ গ্রেফতার করে। ১৯২৮ সালের শেষ দিকে মুক্তি পেয়ে পুনরায় বিপ্লবীদের সংগঠিত করার কাজ শুরু করেন। সূর্যসেন চট্টগ্রামের বিপ্লবীদের জন্য ব্যায়ামাগার প্রতিষ্ঠা করে শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য কসরতের নির্দেশ দেয়ার পাশাপাশি নদীতে সাঁতার কাটা, নৌকা বা সাম্পান চালানো, গাছে আরোহণ করা, লাঠি খেলা, ছোরা নিক্ষেপ, মুষ্টিযুদ্ধের মত শারীরিক কঠোর পরিশ্রমের কাজ করতে নির্দেশ দেন। সেখানে তিনি বিপ্লবীদের অস্ত্র ও গোলাবারুদ তৈরির প্রশিক্ষণ দেন। চট্টগ্রামে তিনি 'ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি' এর একটি শাখা গড়ে তোলেন।

১৯২৯ সালে চট্টগ্রামের জেলা কংগ্রেসের সম্মেলনে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন সুভাষচন্দ্র বসু। এতে সূর্যসেন সম্পাদক পদে নির্বাচিত হন। একই বছর ১৩ সেপ্টেম্বর লাহোর জেলে একটানা ৬৩ দিন অনশন করে বিপ্লবী যতীন্দ্রনাথ মারা যান। এর প্রতিক্রিয়ায় সারা বাংলায় প্রচন্ড বিক্ষোভ দেখা দেয়। বিক্ষোভ মিছিল ও সভায় নেতা সূর্যসেন বিপ্লবের পরবর্তী কার্যক্রমের পরিকল্পনা সদস্যদের সামনে তুলে ধরেন। বিপ্লবীরা স্বাধীনতার জন্য প্রয়োজনে জীবন উৎসর্গ করার শপথ নেন। এর জন্য তাঁরা 'মৃত্যুর কর্মসূচি' ঘোষণা করেন। প্রাথমিকভাবে হামলার দিন নির্ধারণ করা হয় ১৯২৯ সালের ডিসেম্বর মাসে। কিন্তু পুলিশী তৎপরতা বেড়ে যাওয়ায় এর তারিখ পিছিয়ে যায়। এ সময়েই গঠিত হয় সূর্যসেন এর গোয়েন্দা দল। গোয়েন্দা দলের বিপ্লবীরা চট্টগ্রামে বোমা বানানোর প্রশিক্ষণ গ্রহণ করেন। ১৯৩০ সালের জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত তাঁদের প্রস্তুতি চলে। সূর্যসেন গোপনে ইস্তেহার প্রচার করেন। এতে তিনি কৌশল হিসেবে প্রচার করেন যে, ২১ এপ্রিল চট্টগ্রাম শহরের গান্ধী ময়দানে বিপ্লবীরা নিষিদ্ধ পুস্তক পাঠ করে আইন অমান্য করবেন।

১৩ ই ডিসেম্বর ১৯২৩ সালে টাইগার পাস এর মোড়ে সূর্য সেনের গুপ্ত সমিতির সদস্যরা পাহাড়তলীতে অবস্থিত আসাম বেঙ্গল রেলওয়ে কারখানার শ্রমিকদের বেতনের ১৭,০০০ টাকার বস্তা ছিনতাই করে ছিলেন। এবং এই ঘটনার কারণে কিছু দিন পরে গুপ্ত সমিতির গোপন বৈঠক চলাকালীন সেখানে পুলিশ চলে আসে এবং গুপ্ত সমিতির সদস্য ও পুলিশের মধ্যে খন্ডযুদ্ধ শুরু হয়ে যাই। এই ঘটনাটিই আগরখানা পাহাড় খন্ডযুদ্ধদ নামে পরিচিত।

বিদ্রোহকে আরো তীব্র করার জন্য মাস্টার দা সূর্য সেন ইন্ডিয়ান রিপাবলিকান আর্মি, চিটাগাং ব্রাঞ্চ গঠন করেন এবং ঠিক করা হয় যে ১৮ ই এপ্রিল ১৯৩০ সালে চারটি দল মিলে ইংরেজদের ওপর আক্রমণ করবেন। পরিকল্পনা অনুযায়ী একদল বিপ্লবী রেল লাইনের ফিসপ্লেট খুলে নেয়। এর ফলে চট্টগ্রাম সমগ্র ভারত থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। অন্য একটি দল চট্টগ্রামের নন্দনকাননে টেলিফোন এবং টেলিগ্রাফ অফিসে আক্রমণ করে সব যন্ত্রপাতি ভেঙ্গে দেয় এবং সেখানে আগুন জ্বালিয়ে দেয়া হয়। আরেকটি দল পাহাড়তলীতে অবস্থিত চট্টগ্রাম রেলওয়ে অস্ত্রাগার দখল করে সেখান থেকে উন্নতমানের রিভলবার ও রাইফেল লুণ্ঠন করে নেয়। এবং একদল বিপ্লবীরা দামপাড়ায় পুলিশ রিজার্ভ ব্যারাক দখল করে নেয়। এই ঘটনার কারণে চট্টগ্রাম প্রায় চার দিনের জন্য ইংরেজ মুক্ত হয়ে যায়। ২২ শে এপ্রিল ১৯৩০ সালে বিপ্লবীরা যখন জালালাবাদ পাহাড়ে অবস্থান করছিল তখন সশস্ত্র ইংরেজ সৈন্যরা তাদের ওপর আক্রমণ করে এবং দুই ঘণ্টার যুদ্ধের পর ব্রিটিশ বাহিনীর ১০০ জন এবং বিপ্লবী বাহিনীর ১২ জন শহীদ হন। এই ঘটনাটিই 'জালালাবাদ যুদ্ধ' নামে পরিচিত। আগ্নেয়াস্ত্র বহন করার কারণে মাস্টার দা সূর্য সেন কে ১৪ ই আগস্ট ১৯৩৩ সালে প্রাণদন্ডে দণ্ডিত করা হয়। এর পর ১৯৩৪ সালের ১২ই জানুয়ারি মধ্যরাতে সূর্য সেনকে ফাঁসী দেওয়া হয়।

চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনের পর এক এক করে ছিটকে গেছেন সবাই। কেউ ধরা পড়েছেন, কেউ বা গুলিতে বা সায়ানাইডের বিষে মৃত্যুকে গ্রহণ করেছেন। কেউ বা একইরকমভাবে আত্মগোপন করে আছেন। সূর্য সেনকে খোঁজার জন্য তখন সমস্ত জায়গায় ঘুরছে পুলিশ। প্রতিটা বাড়ি, জঙ্গল, পাহাড়; সবকিছু তোলপাড় করে ফেলা হচ্ছে। কোথায় তিনি?

মাস্টারদা তখন এক গ্রাম থেকে অন্য গ্রামে পালিয়ে বেড়াচ্ছেন। পুলিশের চোখে ধুলো দিয়ে যাচ্ছেন প্রতিবার। কেউ পুলিশের সঙ্গে কোনোরকম সহযোগিতা করছে না। করবেই বা কেন? মাস্টারদা'কে প্রাণ দিয়ে রক্ষা করবেন সবাই। তখন ১৯৩৩ সাল। বিপ্লবী দলের কর্মী ব্রজেন সেন সূর্য সেনকে নিয়ে এলেন নিজের গৈরালা গ্রামে। ওই গাঁয়েরই বিশ্বাস বাড়ির বউ ক্ষীরোদপ্রভা বিশ্বাসের কাছে আশ্রয় নিয়েছেন তিনি। এতটুকুও ভয় পেলেন না ওই মহিলা। প্রাণ থাকতে মাস্টারদাকে ধরা পড়তে দেবেন না। সেই অনুযায়ী ব্রজেন সেনের সঙ্গে চলত শলাপরামর্শ । এই পুরো ব্যাপারটাই সন্দেহজনক লাগল নেত্র সেনের। সম্পর্কে ব্রজেনের দাদা-প্রতিবেশী এই মানুষটি ভেবে পেলেন না, কী এমন আলোচনা চলে ছোটো ভাই আর স্ত্রীয়ের মধ্যে! মাঝে মাঝে খাবার নিয়েও কোথায় একটা যায়। কার জন্য এমন আয়োজন? তক্কে তক্কে ছিলেন নেত্র সেন। একদিন স্ত্রীয়ের মুখ থেকেই বেরিয়ে এল সেই 'গোপন' কথা। স্বয়ং মাস্টারদা রয়েছেন যে তাঁর আশ্রয়! তাঁকেই সমস্তভাবে বাঁচিয়ে রাখার চেষ্টা। চোখ চকচক করে উঠল নেত্র সেনের। আনন্দে তো বটেই; তবে এই আনন্দ লোভের। মদ আর জুয়া সমস্ত কিছু কেড়ে নিয়েছে। দশ হাজার টাকায় বাকিটা চলবে ভালোই । বাজারের থলি নিয়ে বেরিয়ে পড়লেন নেত্র। এদিকে স্ত্রীরও সরল বিশ্বাস, স্বামী আর যাই করুক, মাস্টারদা'র প্রতি তাঁর সম্মান অনেক। যাবতীয় 'কাজ' করে ঘরে এসে অপেক্ষা করতে লাগলেন নেত্র। অবশেষে রাত এল। ক্রমশ তাঁর বাড়ির দিকে এগিয়ে আসছে ক্যাপ্টেন ওয়ামসলী'র নেতৃত্বে এক বিশাল গোর্খা বাহিনী। গোটা তল্লাট ঘিরে ফেলেছে তাঁরা। কথামতো নেত্র সেন সিগন্যাল দিচ্ছে। আচমকা সেই দৃশ্য নজরে এল ব্রজেনের। দাদা এ কী করছেন? মুহূর্তে পরিষ্কার হয়ে গেল সবটা। আগে মাস্টারদাকে বাঁচাতে হবে। তৈরি থাকতে হবে বন্দুক নিয়ে। শুরু হল গুলিবর্ষণ।

শেষ চেষ্টার সুযোগও পাওয়া গেল। বাড়ির পাশেই রয়েছে বেড়া। তারপর এঁদো পুকুর, ময়লায় ভর্তি। তা হোক, এই দুটো পেরোলেই রেহাই পাওয়া যাবে। ব্রজেন সেন আর সুশীল দাশগুপ্ত সক্রিয় হয়ে উঠলেন। কল্পনা দত্ত-সহ আরও কয়েকজনকে ওপারে নিয়ে গেলেন। মাস্টারদাকে নিয়ে যাওয়ার সময়ই গুলি এসে হাতে লাগে। পড়ে যান সুশীল। মাস্টারদা তা সত্ত্বেও চেষ্টা করে যান। যদি পালানো যায়! ওপারেও পৌঁছে গেলেন; কিন্তু ওই যে কথায় বলে না, নিয়তি। এক গোর্খা সেনার গায়ে গিয়ে পড়লেন সূর্য সেন। দীর্ঘ কয়েক বছরের অপেক্ষার পর, ব্রিটিশ পুলিশের হাতে ধরা পড়লেন তিনি।

ব্রিটিশদের ঘোষিত দশ হাজার টাকার লোভে বাঙালি নেত্র সেন মাস্টার দাকে ধরিয়ে দিলেন ।

২ চর্চাবাসর



হৃষীক (ইন্দ্রিয়) + ঈশ = হৃষীকেশ। ভিষ্ণু, নারায়ণ, কৃষ্ণর অপর নাম হৃষীকেশ। আবার হেঁসেল (রান্নাঘর) কথাটা এসেছে 'হাঁড়িশাল' থেকে। ('সংসদ বাঙ্গালা অভিধান', পৃ ৭২৪)।

— কলমবীর

লেখা পাঠান

সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।

email : dailyekdin1@gmail.com

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**

একদিন
আমার শহর
কলকাতা ১৮ জানুয়ারি ২০২৬, ৪ মাঘ ১৪৩২ রবিবার

রাজ্যের আইনশৃঙ্খলার পরিস্থিতি নিয়ে ফের প্রশাসনকে দুষলেন শুভেন্দু

মুখ্যমন্ত্রীকে ‘ভেকধারী হিন্দু’ বলে কটাক্ষ বিরোধী দলনেতার

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে তীব্র ক্ষোভ উগরে দিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর অভিযোগ, গত দু'দিন ধরে ফারাক্কা থেকে চাকুলিয়া পর্যন্ত বিস্তীর্ণ এলাকায় কার্যত প্রশাসনের নিয়ন্ত্রণ ভেঙে পড়েছে। পরিস্থিতিকে তিনি আখ্যা দিয়েছেন ‘দাবানলের মতো ছড়িয়ে পড়া অরাজকতা’ বলে।

মুর্শিদাবাদের বেলডাঙায় জাতীয় সড়ক দীর্ঘ সময় ধরে অবরুদ্ধ থাকার প্রসঙ্গ তুলে ধরে শুভেন্দু বলেন, প্রায় তিন ঘণ্টা ধরে রাস্তা সম্পূর্ণ বন্ধ। দুষ্কৃতীদের লাগাতার পাথরবৃষ্টি চলছে। ট্রেন পর্যন্ত জোর করে থামিয়ে দেওয়া হয়েছে। তাঁর দাবি, ওই এলাকায় পুলিশের কোনও দৃশ্যমান তৎপরতা নেই, ফলে গোটা অঞ্চল গুন্ডা ও সমাজবিরোধীদের দখলে চলে গেছে। এই পরিস্থিতিতে হাজার হাজার যাত্রী চরম দুর্ভোগে পড়েছেন বলে অভিযোগ করেন বিরোধী দলনেতা। তাঁর কথায়, মানুষ ভীত, খাবার-জল ছাড়াই আটকে রয়েছেন। কোথাও কোনও স্বস্তির ইঙ্গিত নেই। রাজ্য পুলিশের শীর্ষ নেতৃত্বের প্রতি সরাসরি আবেদন জানিয়ে শুভেন্দু অধিকারী বলেন, অবিলম্বে বাহিনী নামিয়ে এলাকা পুনর্দখল করা হোক। একই সঙ্গে তিনি গুরুতর অভিযোগ তোলেন শাসকদলের বিরুদ্ধে। তাঁর বক্তব্য, রাজ্য প্রশাসনের কবজা আলগা হয়ে যাচ্ছে। দাঙ্গাবাজ ও সমাজবিরোধীরা মাথাচাড়া দিচ্ছে, কারণ তাঁরা শাসক দলের মদত পাচ্ছে। সেই কারণেই ইচ্ছেমতো অশান্তি ছড়ানোর সাহস দেখাচ্ছে। বিরোধী দলনেতার দাবি, এই পরিস্থিতি অব্যাহত থাকলে রাজ্যের স্বাভাবিক জীবনযাত্রা সম্পূর্ণ বিপর্যস্ত হয়ে পড়বে। তাঁর মন্তব্যে স্পষ্ট, এটা আর বিচ্ছিন্ন ঘটনা নয়; এটাই প্রশাসনিক ব্যর্থতার নগ্ন ছবি।

অন্যদিকে, মহাকাল মন্দিরের শিলান্যাসের দিনে মুখ্যমন্ত্রীর বক্তব্য ঘিরে রাজ্য রাজনীতিতে নতুন করে ঝড় তুললেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সরাসরি কটাক্ষ করে তিনি বলেন, হিন্দুদের লজ্জা মমতা। তাঁর অভিযোগ, হিন্দু ভোটব্যাংকে টান পড়তেই ধর্মীয় প্রতীককে রাজনৈতিক হাতিয়ার বানানোর চেষ্টা চলছে, কিন্তু সেই চেষ্টার মধ্যেই প্রকাশ পাচ্ছে দ্বিচারিতা। শুভেন্দুর বক্তব্যে উঠে আসে, শিলান্যাসের মতো হিন্দু ধর্মীয় অনুষ্ঠানে ‘দোয়া’ শব্দ ব্যবহারের আহ্বান বাঙালি হিন্দু সমাজের ভাবধারার সঙ্গে অসংগত। তাঁর ভাষায়, এটা দু'দিক সামলানোর কৌশল; না শ্যাম রাখা যায়, না কুল। আরও একধাপ এগিয়ে তিনি মুখ্যমন্ত্রীকে ভেকধারী হিন্দু আখ্যা দিয়ে সতর্ক করেন, দুই নৌকোয় পা রাখার রাজনীতি শেষ পর্যন্ত বিপর্যয় ডেকে আনবে। শুভেন্দুর হুঁশিয়ারি, সময় এলে শুধুই হরিনাম করেও দায় এড়ানো যাবে না।

মেয়রের ওয়ার্ডের যুবক খুনের ঘটনার চার্জশিট পেশ করল কলকাতা পুলিশ

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: কলকাতার দক্ষিণ শহরতলির চেতলা এলাকায় যুবক অশোক পাসোয়ানকে নৃশংসভাবে খুনের ঘটনায় চার্জশিট পেশ করল কলকাতা পুলিশ। শনিবার পুলিশ আধিকারিকরা জানিয়েছেন, এই ঘটনাটি কলকাতার মেয়র ফিরহাদ হাকিমের ওয়ার্ডের অন্তর্গত ছিল। আলিপুর আদালতে পেশ করা এই চার্জশিটে খুনের নেপথ্যে থাকা প্রকৃত কারণও স্পষ্ট করা হয়েছে।

উল্লেখ্য, ২০২২ সালের অক্টোবর মাসে চেতলার ১৭ নম্বর বাস স্ট্যান্ডের কাছে প্রকাশ্য রাস্তায় বসে মদ্যপান করার সময় বচসায় জড়িয়ে পড়েছিলেন অশোক পাসোয়ান ও তাঁর সঙ্গীরা। অভিযোগ, সেই বিবাদের জেরেই তাঁর এক সঙ্গী হঠাৎ একটি লোহার রড দিয়ে অশোকের গলায় আঘাত করে। গুরুতর আহত অবস্থায় প্রাণ বাঁচাতে অশোক রাস্তা দিয়ে প্রায় ১০০ মিটার দৌড়েছিলেন, কিন্তু যন্ত্রণায় ছটফট করতে করতে মাঝরাস্তাতেই লুটিয়ে পড়েন। তাঁকে রক্তাক্ত অবস্থায় এসএসকেএম হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

তদন্ত শেষে পুলিশ সুরজিৎ হালদার এবং তাপস পাল নামক দুই যুবককে গ্রেপ্তার করে। ৮৫ পাতার এই চার্জশিটে তাঁদেরকেই মূল অভিযুক্ত হিসেবে চিহ্নিত করা হয়েছে। চার্জশিটে মোট ৩০ জন সাক্ষীর বয়ান নথিভুক্ত করা হয়েছে। তদন্তকারীদের দাবি, অভিযুক্তদের একজনের স্ত্রীকে নিয়ে কুরুচিকর মন্তব্য বা বিবাদের জেরেই এই হত্যাকাণ্ড ঘটে। মদ্যপ অবস্থায় সেই বচসা চরমে পৌঁছলে প্রাণঘাতী হামলা চালানো হয়। মেয়রের নিজের এলাকায় এমন চাঞ্চল্যকর খুনের ঘটনায় স্থানীয় বাসিন্দারা তীব্র ক্ষোভ প্রকাশ করেছিলেন এবং এলাকার নিরাপত্তা নিয়ে প্রশ্ন উঠেছিল। ঘটনার গুরুত্ব বিচার করে তৎক্ষণাৎ চেতলা থানার তৎকালীন ভারপ্রাপ্ত আধিকারিককে (ওসি) সরিয়ে দেওয়া হয়েছিল। তাঁর জায়গায় অমিতাভ সরকারকে নতুন ওসি হিসেবে দায়িত্ব দেওয়া হয়।

সিঙ্গুর আন্দোলন ব্যর্থ, ইতিহাস ঘাসফুলের মতো ফিরবে?

প্রশাসনের সমালোচনায় রবীন্দ্রনাথ ভট্টাচার্য

রাজীব মুখোপাধ্যায়

টাটা-কেন্দ্রিক জমি আন্দোলনের প্রধান পর্বের নেতা রবীন্দ্রনাথ ভট্টাচার্য দুই দশক পর স্পষ্ট স্বীকারোক্তি দিলেন। সিঙ্গুরের জমি আন্দোলন ব্যর্থ, ইতিহাস কি ঘাসফুলের মতো ফিরে আসবে? এই বিস্ফোরক মন্তব্যে তিনি তৃণমূলের শাসনকে সমালোচনার কবলে টানলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সিঙ্গুর সভার প্রেক্ষাপটে এই মন্তব্য রাজনৈতিক ঝড় তুলেছে। টাটার চলে যাওয়ার পর সিঙ্গুর শিল্পহীন হয়ে আছে, পুরো পশ্চিমবঙ্গ শিল্পপতিদের পরিত্যাগ করেছে তৃণমূল আমলে। তৃণমূল জমানায় শুধু সিঙ্গুর নয়, পুরো পশ্চিমবঙ্গকে শিল্পপতি ত্যাগ করেছে, বলে ভট্টাচার্য তৃণমূলের ব্যর্থতা তুলে ধরেন। রাজ্যসভা ভোটের আগে মোদীর সভায় আশা জাগিয়ে বলেন, আমি চাই রাজ্যে বিজেপি আসুক। চারপাশের ধ্বংসলীলা দেখলেই বোঝা যায়, এই সরকারের এখনই পতন দরকার। দুর্নীতির প্রতিটি পথ তাঁরা অতিক্রম করেছে। তৃণমূলের বিধায়ক নির্বাচনে স্বামী-স্ত্রী জোড়া মান্নাদের প্রতি ক্ষোভ প্রকাশ করে ভট্টাচার্য বলেন, বেচারাম মান্না ও স্ত্রী করবী মান্না; ক্ষমতার জন্য নির্বাচিত। অর্থ ছাড়া কিছুই হয়নি। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের কোনো শিল্প নেই, সব মমতার ছায়ায় এসেছে। এমন নেতৃত্ব কোনো দল সহ্য করতে পারে না। সতর্কবাণীতে বলেন, গণতন্ত্র সক্রিয় থাকলে তৃণমূলও সিপিএমের মতো ধুয়েমুছে সাফ হয়ে যাবে। শাসকদলের কৌশলেও বিজেপির সিঙ্গুর সভা ব্যর্থ হবে না, এই অভিযোগ উঠেছে। দুই দশকের সিঙ্গুর ট্র্যাজেডি থেকে তৃণমূলের ক্ষমতার অবসান এবং বিজেপির উত্থান; এখন রাজনীতির চোখ সব সিঙ্গুরে স্থির। আসন্ন নির্বাচনে ইতিহাসের চাকা ঘুরতে চলেছে।

আসন্ন দেশনায়কের জন্মদিন উপলক্ষে চলছে পরিষ্কারের কাজ। ছবি: অদিতি সাহা

শীত কি বিদায় নিচ্ছে? বাণী বন্দনার মুখে উষ্ণতার চমক

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: বাণী বন্দনার প্রাক্কালে শেষ জানুয়ারিতে আবহাওয়ার মেজাজে স্পষ্ট বদলের ইঙ্গিত দিচ্ছে হাওয়া অফিস। সকাল ও সন্ধ্যায় হালকা শীতের অনুভূতি থাকলেও দিনের বাকি সময় জুড়ে তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় বেশি থাকার সম্ভাবনা। কলকাতা ও সংলগ্ন কয়েকটি জেলায় দিনের তাপমাত্রা বাড়তি উষ্ণতা ছড়াবে বলেই পূর্বাভাস। ভোরের দিকে কুয়াশা পরিস্থিতি জটিল করতে পারে, যদিও আপাতত বৃষ্টির কোনও ইঙ্গিত নেই। তবে এই উষ্ণতাকে এখনই শীতের বিদায় হিসেবে মানতে নারাজ আবহাওয়াবিদরা।

২৩ জানুয়ারি সরস্বতী পুজোর আগে শনি ও রবিবার রাজ্যের অধিকাংশ জেলায় সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা মোটামুটি স্বাভাবিক থাকবে। কিছু এলাকায় তা সামান্য কমও হতে পারে। কিন্তু সোমবার থেকেই বদলাবে হাওয়া। দুই থেকে তিন দিনের মধ্যে রাতের তাপমাত্রা ২-৩ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বাড়ার সম্ভাবনা রয়েছে, সঙ্গে বাড়বে দিনের পারদও।

এই মুহূর্তে কলকাতা ও আশপাশে সর্বনিম্ন তাপমাত্রা ১২-১৩ ডিগ্রির ঘরে। দক্ষিণবঙ্গের অন্য জেলাগুলিতে তা ৭-১১ ডিগ্রির মধ্যে ঘোরাফেরা করছে। উত্তরবঙ্গেও পাহাড় বাদ দিলে রাতের তাপমাত্রা ধীরে ধীরে ঊর্ধ্বমুখী হতে পারে। সোমবার পর্যন্ত উত্তর ও দক্ষিণবঙ্গের বহু জেলায় কুয়াশার সতর্কতা জারি। বিশেষ করে রবিবার দক্ষিণবঙ্গে প্রভাব বেশি থাকবে। বীরভূম, মুর্শিদাবাদ, নদিয়া, দুই বর্ধমান, হুগলি ও উত্তর ২৪ পরগনায় বিক্ষিপ্ত কুয়াশার দাপট দেখা যেতে পারে। উত্তরবঙ্গে দার্জিলিং থেকে মালদা; সবখানেই সতর্ক থাকতে অনুরোধ করা হচ্ছে।

সংস্কারের জন্য বন্ধ বেলঘড়িয়া রেলওয়ে ওভারব্রিজ

বিকল্প দু'টি রাস্তা দিয়ে চলবে যানবাহন

নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর: মেরামতির কারণে তিন-চারদিন বন্ধ থাকবে উত্তর শহরতলির অত্যন্ত গুরুত্বপূর্ণ বেলঘড়িয়া রেলওয়ে ওভারব্রিজ। ব্রিজে ওঠার মুখে শনিবার ‘রাস্তা বন্ধে’র নোটিস লাগানো হয়েছে। আশঙ্কা করা হচ্ছে, বেলঘড়িয়া ব্রিজ বন্ধে সাধারণ মানুষের ভোগান্তি বাড়বে। যদিও ওভার ব্রিজ সংস্কার না হওয়া পর্যন্ত বিকল্প দুটি রাস্তা দিয়ে যানবাহন চলাচল করবে। প্রসঙ্গত, কয়েকমাস আগে পূর্ব রেলের স্বাস্থ্য পরীক্ষায় ওভার ব্রিজের গার্ডারের ত্রুটি দেখা দেয়। এরপরই প্রশাসনিক পর্যায়ে দফায় দফায় বৈঠক করে আলোচনার মাধ্যমে বেলঘড়িয়া রেলওয়ে ওভার ব্রিজ মেরামতির সিদ্ধান্ত নেওয়া হয়। রেল এবং রাজ্যের পূর্ত দপ্তর যৌথভাবে ব্রিজ মেরামতির কাজ করবে। তবে উত্তর শহরতলির এই রেল ওভার ব্রিজ বিটি রোড থেকে এমবি রোড হয়ে নিমতা মোড়ে কল্যাণী এক্সপ্রেসওয়ের সঙ্গে যুক্ত। একইসঙ্গে এই পথ ধরেই সরাসরি বিরাটির দিকে যাওয়া যায়। এদিন ডানলপ ট্রাফিক গার্ডের আধিকারিক সুরজিৎ চক্রবর্তী জানান, ব্রিজ বন্ধের জন্য উভয় দিকের বিকল্প রাস্তা স্তার গাইড লাইন চূড়ান্ত করে দেওয়া হয়েছে। ডানলপ থেকে নিমতা কিংবা বিরাটি যাবেন, তাঁরা সিন্ধু স্টোর হয়ে নীলগঞ্জ রোড ধরে বিভা মোড় হয়ে কালাহান্ডি মোড় থেকে ডানদিকে চার নম্বর রেলগেট পেরিয়ে টেক্সমেকোর ভেতর দিয়ে কালচার মোড়ে উঠে গন্তব্যস্থলে যেতে পারবেন।

এসআইআর নিয়ে জেলাশাসকদের উপর কড়া নজর কমিশনের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: বিশেষ ভোটার তালিকা সংশোধন (এসআইআর) ঘিরে চলা বিতর্কের আবহে প্রশাসনিক স্তরে চাপ বাড়াল নির্বাচন কমিশন। নথিপত্র যাচাইয়ের অগ্রগতি জানতে রাজ্যের সমস্ত জেলা নির্বাচনী আধিকারিক ও জেলাশাসকদের কাছ থেকে দৈনিক রিপোর্ট চেয়ে নির্দেশ জারি হয়েছে। কমিশনের স্পষ্ট বার্তা, একদিনের গাফিলতিও বরদাস্ত করা হবে না।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে, পরিচয় যাচাইয়ে চালু হয়েছে দ্বি-স্তরীয় ছাঁকনি। প্রথম ধাপে যাচাই করবেন নির্বাচনী পঞ্জীকরণ আধিকারিকরা, দ্বিতীয় ধাপে সেই তথ্য খতিয়ে দেখবেন জেলা স্তরের কর্তারা। পাশাপাশি শুনানি কেন্দ্রগুলিতে থাকা মাইক্রো-অবজার্ভারদের দায়িত্ব দেওয়া হয়েছে নিয়ম মেনে যাচাই হচ্ছে কি না, তা নিশ্চিত করার। কমিশনের এক আধিকারিকের কথায়, ১৯ ফেব্রুয়ারির মধ্যে চূড়ান্ত তালিকা প্রকাশ করতেই এই কড়া নজরদারি। বর্তমানে ‘আনম্যাপড’ ভোটারদের শুনানি চলছে। চূড়ান্ত তালিকা প্রকাশের পরেই বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট ঘোষণার সম্ভাবনা রয়েছে।

এসআইআর প্রক্রিয়ায় বিএলও-এর গণইস্তফা, সতর্ক নির্বাচন কমিশন

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: রাজ্যের বিভিন্ন প্রান্তে বিএলও-রা কাজ থেকে অব্যাহতি চেয়ে গণইস্তফা দিচ্ছেন। উত্তর ২৪ পরগনার দেগঙ্গা ব্লকে শনিবার প্রায় ২০০ জন বিএলও পেন ডাউন করে অনির্দিষ্টকালের জন্য কাজ বন্ধ করেন। তাঁদের অভিযোগ, নতুন নতুন নির্দেশিকায় দিশেহারা হচ্ছি, কাজ করতে সমস্যা হচ্ছে। স্বরূপনগরে ৫৩ জন বিএলও আগেই গণইস্তফা দিয়েছেন। এসআইআর প্রক্রিয়ায় বিএলও-দের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ, চিহ্নিত না হলে ভোটার তালিকা প্রস্তুত অসম্ভব। ভোটারদের হিয়ারিং প্রক্রিয়া ব্যাহত হওয়ার সম্ভাবনা রয়েছে। তবে কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, ৮০ হাজারের বেশি বিএলও কাজ করছেন, তাই কয়েকজনের বিক্ষোভ প্রক্রিয়ায় বাধা সৃষ্টি করবে না।

জেলাশাসকরা বিএলও-এর অভিযোগ যাচাই করবেন। কমিশনের নির্দেশ স্পষ্ট; ইস্তফা দেওয়ার আগে সত্যিই সমস্যা রয়েছে কিনা এবং কোথায় উস্কানি আছে তা নিশ্চিত করা জরুরি। বিএলও ঐক্য মঞ্চের সাধারণ সম্পাদক বলেন, কিছু অভিযোগ ঠিক, কিন্তু বিক্ষোভের পেছনে তত্ত্বাবধান জরুরি।

রাজ্যের রাজনৈতিক মহলও এই পরিস্থিতি খতিয়ে দেখছে। নির্বাচন কমিশন এবং ডিইও-রা কার্যকর সমন্বয় নিশ্চিত করে এসআইআর প্রক্রিয়া নির্বিঘ্নভাবে সম্পন্ন করার চেষ্টা করছেন।

নীরব প্রস্তুতি, নিপা মোকাবিলার চাবিকাঠি

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: নিপা আতঙ্ক ছড়ানোর আগেই মাঠে নামেন কয়েকজন অভিজ্ঞ চিকিৎসক। নামকরণ নেই, শোরগোল নেই; শুধু অভিজ্ঞতা আর সতর্কতার ধারেই ধরা পড়ে বিপদ। বারাসাতের এক বেসরকারি হাসপাতালে ভর্তি তরুণীর উপসর্গ প্রথম দেখেই অস্বস্তিতে পড়েন স্নায়ুরোগ বিশেষজ্ঞ ডাঃ অনন্যা দাস। তিনি সতর্ক করে বলেন, এটি সাধারণ এনসেফেলাইটিস নয়, মাথার ভিতর আশঙ্কা দানা বাঁধছে। কলকাতা মেডিক্যাল কলেজ ও এইমস দিল্লিতে অভিজ্ঞতা তাঁকে অবিলম্বে সিনিয়রের সঙ্গে যোগাযোগ করতে বাধ্য করেন। ১০ জানুয়ারির ফোনকলেই ঘটনা নতুন মোড় নেয়। পরের দিন ডাঃ সায়ন্তন বন্দ্যোপাধ্যায় মাঠে নেমে দুই নার্সের নমুনা সংগ্রহ করে নিপা কিটে পরীক্ষা করেন। রিপোর্ট পজিটিভ। দেশজুড়ে স্বাস্থ্য মহলে চাঞ্চল্য। সায়ন্তনের পাশে ছিলেন ডাঃ সায়ন মহারত্ন ও ডাঃ যোগীরাজ রায়; কলকাতা মেডিক্যাল কলেজ ও এইমসের প্রাক্তনরা যেন অদৃশ্য নেটওয়ার্ক তৈরি করেন। ডাঃ অনন্যা দাসের মন্তব্য, এই প্রথম নিপার ক্ষেত্রে একটুও দেরি হয়নি। তাই পরিস্থিতি নিয়ন্ত্রণে। নিপা মোকাবিলার এই অধ্যায়ে ফুটে উঠেছে নতুন চিত্র; চিকিৎসার মঞ্চে আলো নয়, নীরব প্রস্তুতিই বড় শক্তি। কলকাতা মেডিক্যাল কলেজের প্রাক্তনরা সেই নীরব শক্তির কেন্দ্রে।

রাজ্যের অবহেলার বিরুদ্ধে তোপ শমীক ভট্টাচার্যের

নিজস্ব প্রতিবেদন, কলকাতা: শনিবার মালদার সভা থেকে রাজ্যের সার্বিক পরিস্থিতি নিয়ে সরব হন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য। তিনি বলেন, আমরা এখানে আছি, পশ্চিমবঙ্গের মানুষের জন্য এক বিশেষ বার্তা নিয়ে। যাঁরা অবহেলার শিকড় ছিঁড়ে ফেলতে চায়, তাঁদের জন্য আমরা সাড়া দিচ্ছি। বঞ্চিত উত্তরবঙ্গ ও অবহেলিত উত্তরবঙ্গের মানুষকে বলছি; আপনারা একা নন।

তিনি মুখ্যমন্ত্রীর বাজেট ও নীতি সমালোচনা করে বলেন, বাজেটের ৪১ শতাংশের বেশি অর্থ কখনোই উত্তরবঙ্গের মানুষের কাছে যাবে না। এই বৈষম্য এভাবে চলতে দেওয়া সম্ভব নয়। আমাদের মেধা, আমাদের শ্রম, আমাদের শিল্প; সব কিছু বাইরে পাচার হচ্ছে। আমাদের সংরক্ষণ করতে হবে। আমাদের সন্তানকে নিজের ঘরের ভাত খাওয়াতে হবে। তাই ভারী শিল্প প্রতিষ্ঠা করা অপরিহার্য। শমীক আরও বলেন, উত্তরবঙ্গের কৃষি ও শিল্পে সমস্যার সমাধান এখনই প্রয়োজন। কর্মসংস্থান নিশ্চিত করতে হবে। আমরা আমাদের মেধা ও সম্পদ কাজে লাগাতে পারি। নদী, সমুদ্র, ভূগোল; সবই আমাদের কাছে আছে। সঠিক পরিকল্পনা আর কেন্দ্রীয় সহায়তা নিয়ে উত্তরবঙ্গের শিল্প উন্নয়ন সম্ভব।

তিনি রাজ্যের পদক্ষেপকে ব্যক্তিগত আক্রমণ হিসেবে চিহ্নিত করে মন্তব্য করেন, আজ রাজ্যে কেন্দ্রীয় কর্মকর্তাদের ওপর হামলা শুধু একটি দপ্তরের নয়, এটি রাষ্ট্র ও সংবিধানের বিরুদ্ধে আক্রমণ। এই পরিস্থিতি রাজনীতির নতুন চ্যালেঞ্জ।

শমীক ভট্টাচার্য সতর্ক করে বলেন, বৈষম্য ও অবহেলা চলতে থাকলে, পশ্চিমবঙ্গের অস্তিত্বই সংকটে পড়বে। আমরা বাংলাদেশের মতো অবস্থা চাই না। জিহাদি, রোহিঙ্গা বা মৃত ভোটারদের স্থান নেই আমাদের রাজ্যে। আমাদের ইতিহাস, আমাদের আন্দোলন; মহাত্মা গান্ধি, সর্দার পটেল, নেহরুজির স্বপ্নকে আমরা রক্ষা করব।

সমাপ্তি টানতে তিনি জনগণকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান, আজ রাজ্যের মানুষকে নিজেদের স্বার্থ রক্ষার জন্য সোচ্চার হতে হবে। রাজ্য সরকারের অযৌক্তিক পদক্ষেপের বিরুদ্ধে একত্রিত হতে হবে।

মালদা থেকে একাধিক ট্রেনের সূচনা প্রধানমন্ত্রীর

তৃণমূল সরকারকে 'নির্মম' অ্যাখ্যা মোদীর

নিজস্ব প্রতিবেদন, মালদা: বাংলায় সরকার পাল্টালে তবেই হয়তো মালদার বন্যা ও ভাঙনের স্থায়ী সমাধান হবে। কারণ, একটি ক্যাগ রিপোর্ট বলছে, তৃণমূল সরকার ক্ষমতায় আসারপর অন্তত ৪০ বার মালদার ভাঙনের জন্য টাকা দেওয়া হয়েছে। কিন্তু সেটা ভাগ করেছে ওরাই। আর সংকট বেড়েছে সাধারণ মানুষের। তাই এবারে বিহার জয়ের পর লক্ষ্য পশ্চিমবঙ্গ। তাহলেই দুর্নীতি, অত্যাচার, সন্ত্রাস সব দূর হবে। শনিবার দুপুর দুটো নাগাদ পুরাতন মালদা ব্লকের সাহাপুর গ্রাম পঞ্চায়েতের বাইপাস রোড সংলগ্ন মাধাইপুর এলাকার মাঠেই পরিবর্তন সংকল্প সভায় বক্তব্য রাখতে গিয়ে এভাবেই তৃণমূলকে তুলোধনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এদিন তার আগে দুপুর ১টা নাগাদ হেলিকপ্টারে করে মালদা এসে রেলের স্টেডিয়ামে পৌঁছান প্রধানমন্ত্রী। সেখান থেকে মালদা টাউন স্টেশনে এসে হাওড়া-কামাখ্যাগামী একজোড়া স্লিপার বন্দে ভারত ট্রেনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। তাঁর সঙ্গে ছিলেন রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, রাজ্যপাল সিভি আনন্দ বোস, উত্তর মালদার বিজেপি সাংসদ খগেন মুর্মু। এছাড়াও আমন্ত্রণ পেয়ে এই অনুষ্ঠানে উপস্থিত হয়েছিলেন দক্ষিণ মালদার কংগ্রেস সাংসদ ইশাখান চৌধুরী। এদিন মালদা টাউন স্টেশন চত্বরে উপস্থিত বিভিন্ন স্কুলের পড়ুয়াদের সঙ্গেও আলাপচারিতা করেন প্রধানমন্ত্রী। পড়ুয়াদের অটোগ্রাফ দেন তিনি। সেখান থেকে দুপুর দেড়টায় বেরিয়ে যান প্রধানমন্ত্রী। এরপর পুরাতন মালদায় মাধাইপুর এলাকার মঞ্চে রেলের আরো একটি কর্মসূচিতে যোগ দিয়ে সেখান থেকেও আরও ৭টি ট্রেনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী। ওই মঞ্চের পাশেই পরিবর্তন সংকল্প যাত্রার সভামঞ্চ করা হয়েছিল। সেখানে উপস্থিত ছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য-সহ অন্যান্যরা।

এদিন এই সভা মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তৃণমূল সরকারকে বিঁধলেন 'নির্মম' বলে। ডাক দিলেন, 'এত নির্মম সরকারের পশ্চিমবঙ্গ থেকে বিদায় প্রয়োজন।' সঙ্গে ব্যাখ্যা দিলেন কেন নির্মম বলছেন, তারও। প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদির কথায়, 'আমি চাই, দেশের বাকি অংশের মতো বাংলার গরিবেরাও ৫ লক্ষ টাকার আয়ুষ্মান যোজনা প্রকল্পের মাধ্যমে বিনামূল্যে চিকিৎসা পান। এখানে আয়ুষ্মান ভারত যোজনা লাগু হোক। কিন্তু, পশ্চিমবঙ্গ একমাত্র এমন রাজ্য যেখানে ৫ লক্ষ টাকার আয়ুষ্মান যোজনা লাগু হতে দেওয়া হয়নি। বিগত কয়েক বছরে এই যোজনায় দেশের কোটি কোটি গরিব মানুষ নিজেদের বিনামূল্যে চিকিৎসা করিয়েছেন। কিন্তু, তৃণমূল বাংলায় গরিব ভাই-বোনদের আয়ুষ্মান যোজনার লাভ নিতে দেয় না। এত নির্মম সরকারের পশ্চিমবঙ্গ থেকে বিদায় প্রয়োজন।' এদিন বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী দ্বিতীয় যুক্তি হিসেবে বলেন, 'কেন্দ্রের বিজেপি সরকার দেশে 'পিএম সূর্যঘর' বিনামূল্যে বিদ্যুৎ যোজনা এনেছে। লাখ লাখ পরিবার এর লাভ নিয়ে নিজেদের বাড়ির ছাদে সোলার প্ল্যান্ট লাগিয়েছে। কেন্দ্রের বিজেপি সরকার এজন্য হাজার হাজার কোটি টাকা জারি করেছে। অথচ পশ্চিমবঙ্গের কোনও পরিবারকে বিনামূল্যেই বিদ্যুতের সুযোগ পাইয়ে দেওয়ার ব্যবস্থা করা হয়নি। আপনাদের ঘরে বিদ্যুতের বিলও শূন্য হয়ে যাক, গরিবের ভাল হয় এমন সব কাজ এখানকার নির্মম তৃণমূল সরকার এগোতে দেয় না।' এদিন প্রধানমন্ত্রীর বক্তব্যে উঠে আসে মালদার কথা। মালদার বিভিন্ন সমস্যার জন্য তৃণমূলের বিরুদ্ধে সুর চড়ান তিনি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেন, 'এখানে না ফ্যাক্টরি তৈরি হচ্ছে, না কৃষকরা কোনও সুবিধা পাচ্ছেন। মালদা-মুর্শিদাবাদের যুবকদের রুজি-রুটির জন্য অন্যত্র যেতে হচ্ছে। এখানকার আম চাষিদের অবস্থা বেহাল। তৃণমূল সরকার এখানে আমের সঙ্গে জড়িত উদ্যোগ বাড়ানোর জন্য ঠিক করে কাজ করেনি। আমের প্রক্রিয়াকরণ নিয়ে কোনও বড় চিন্তাভাবনা দেখা যায়নি। ঠিক একইভাবে মালদার বন্যা ও ভাঙন পরিস্থিতি নিয়ে তৃণমূল সরকারের বিরুদ্ধে দুর্নীতি ও স্বজন পোষণের কথা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।' তিনি বলেন, 'অন্তত ৪০ বার এই সরকারকে বন্যা ও ভাঙন ঠেকাতে টাকা দেওয়া হয়েছে। কিন্তু ওরা কোনও স্থায়ী সমাধান করতে পারে নি। সেই টাকা ভাগ করেছে। আর গরিব অসহায় মানুষদের দুর্ভোগে পড়তে হচ্ছে।' অন্যদিকে, মুর্শিদাবাদের বেলডাঙায় সংবাদ মাধ্যমের উপর আক্রমণ নিয়েও সরব হন। অনুপ্রবেশকারী ইস্যুতে বারবার আক্রমণ করেন তৃণমূলকে। এসব অত্যাচার দুর্নীতি দূর করতে বিজেপি সরকারের প্রয়োজন বলেও জানিয়ে দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

জামুড়িয়া সমষ্টি উন্নয়ন দপ্তরে বিজেপি নেত্রী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল

নিজস্ব প্রতিবেদন, জামুড়িয়া: শনিবার এসআইআর সংক্রান্ত আলোচনার জন্য জামুড়িয়া সমষ্টি উন্নয়ন দপ্তরে উপস্থিত হলেন বিজেপি নেত্রী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল। এদিন এসআইআরের কাজে কর্মরত অফিসারদের 'সেয়ানা পাগল' বলে কটাক্ষ করতেও শোনা যায় বিজেপি নেত্রীকে।

প্রসঙ্গত, চলতি মাসের শুক্রবার জেলা জুড়ে ফর্ম ৭ জমা না নেওয়ার অভিযোগকে কেন্দ্র করে মহকুমা শাসকের দপ্তর থেকে শুরু করে সমষ্টি উন্নয়ন আধিকারিকের অফিস, সমস্ত জায়গাতেই বিক্ষোভ এবং আন্দোলন মুখী হতে দেখা যায় বিজেপি নেতা ও কর্মী, সমর্থকদের। তাঁরা বারংবার দাবি করেন ফর্ম ৭ জমা নিতে হবে। কিন্তু সেই ফর্ম ৭ জমা নেয়নি এআরও

এবং ইআরও- রা বলে অভিযোগ। শনিবার 'এসআইআর' সংক্রান্ত আলোচনার জন্য জামুড়িয়া সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে পৌঁছালেন বিজেপি নেত্রী প্রিয়াঙ্কা টিব্রেওয়াল। তিনি এসআইআর-এর কাজে কর্মরত অফিসারদের এদিন 'সেয়ানা পাগল' বলেও মন্তব্য করেন। শুধু এই বলে থেমে থাকেননি বিজেপি নেত্রী। তিনি আরও বলেন, 'আমরা আজ ফর্ম ৭ জমা করতে এসেছি। যেহেতু গতকাল নির্বাচন কমিশন সরাসরি ইআরও এবং এআরওদের নির্দেশ দিয়েছেন যে ওনারা যে ফর্মগুলি নিতে চাইছেন না সেই ফর্মগুলি জমা নিতে হবে। বিজেপি নেত্রী আরও জানান, যে কেউ এসে এই ফর্ম জমা দিতে পারে এবং এআরও ও ইআরও সেই ফর্মগুলি জমা নিতে বাধ্য আছেন। কিন্তু যদি ১৯ জানুয়ারির মধ্যে ভেরিফিকেশন না করে তাহলে আবারও আইনি পথে যাওয়া হবে বলে জানান বিজেপি নেত্রী। মোটের উপর বলাই চলে এদিনের 'এসআইআর' সংক্রান্ত আলোচনায় জামুড়িয়া সমষ্টি উন্নয়ন আধিকারিক দপ্তরে এসে একেবারে রণংদেহি মেজাজে দেখা গেল বিজেপি নেত্রী প্রিয়াঙ্কা টিব্রেওয়ালকে।

মৌতড়ে প্রধানমন্ত্রী-সহ বিজেপিকে জবাব সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের মুখপাত্র

নিজস্ব প্রতিবেদন, পুরুলিয়া: আগামী ২১ জানুয়ারি পুরুলিয়ার লধুড়কার মাঠে সভা করবেন রাজ্যের সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। সেই পরিপ্রেক্ষিতেই শনিবার বিকেলে পুরুলিয়ার পাড়া বিধানসভার রঘুনাথপুর ২ নম্বর ব্লকের মৌতড়ের ফুটবল মাঠে প্রস্তুতি সভার আয়োজন করেছিল তৃণমূল। ওই সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের মুখপাত্র সমীর চক্রবর্তী। এছাড়াও উপস্থিত ছিলেন প্রাক্তন মন্ত্রী শান্তিরাম মাহাত, পুরুলিয়া জেলা পরিষদের-সহ সভাধিপতি তথা বর্ষীয়াণ তৃণমূল নেতা সুজয় বন্দ্যোপাধ্যায়, পুরুলিয়া জেলা তৃণমূলের সভাপতি রাজীব লোচন সরেন-সহ অন্যান্য নেতৃত্ববৃন্দরা।

এদিন রাজ্যের মালদায় প্রধানমন্ত্রীর যখন বক্তব্য রাখছিলেন মূলত সেই সময় পুরুলিয়ার রঘুনাথপুর ২ নম্বর ব্লকের মৌতড়ের ফুটবল মাঠে তৃণমূলের প্রস্তুতি সভায় বক্তব্য রাখতে ওঠেন রাজ্যের সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের মুখপাত্র সমীর চক্রবর্তী। তিনি বলেন, 'আপনি পশ্চিমবঙ্গে জঙ্গল রাজ পড়েছে। আরে আপনি তো নিজের আকাঙ্খিত রাজ্য বিহারকেও তো জঙ্গল রাজ বলেছেন। আর কিছু বলার আছে। পশ্চিমবঙ্গ বাংলাটার জন্য উনি এখন গান গাইছেন 'এলোমেলো করে দে মা, লুটেপুটে খাই, আর গরীব করে এদের রেখে দে মা, ভোট যেন পাই।' তিনি আরও বলেন, 'দেশের প্রধানমন্ত্রীর রেল উদ্বোধন করাটা কোন কাজ নয়। আসলে রেল উদ্বোধন করাটা আসল উদ্দেশ্য নয়।একটা সবুজ পতাকা নিয়ে রেল উদ্বোধন করতে চলে আসছেন দেশের প্রধানমন্ত্রী। তার মানে প্রধানমন্ত্রীর হাতে কোন ভালো প্রকল্পই নেই। আসলে কোন কাজই করেন নি তো। এ রাজ্যের রেলে যে সব প্রকল্প ট্রেন চালু হয়েছে তা মুখ্যমন্ত্রীর মমতা বন্দ্যোপাধ্যায় রেল মন্ত্রী থাকাকালীন হয়েছে।' নাম না করে শুভেন্দু অধিকারীকে নিয়ে তীব্র কটাক্ষ করেন সমীর চক্রবর্তী। এদিন সভা মঞ্চে এলাকার বর্ষীয়ান জাতীয় কংগ্রেস নেতা তথা পুরুলিয়া জেলা কংগ্রেসের শ্রমিক সংগঠনের জেলা সভাপতি বলরাম মাহাত কংগ্রেস ছেড়ে তৃণমূলে যোগদান করেন। তার হাতে দলীয় পতাকা তুলে দেন সমীর চক্রবর্তী।

দুর্গাপুরে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে

সভা শেষে ক্ষোভ বর্ষীয়ান নেতাদের

নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর: দুর্গাপুরে বিজেপির গোষ্ঠীদ্বন্দ্ব প্রকাশ্যে চলে এল। দুর্গাপুরের মুচিপাড়ায় বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়ের 'পরিবর্তন সংকল্প সভা' শেষ হতেই দলের অন্দরেই শুরু হয় তীব্র বিশৃঙ্খলা। সভা শেষে ক্ষোভ উগরে দেন বর্ষীয়ান বিজেপি নেতা অমিতাভ বন্দ্যোপাধ্যায়।অভিযোগ, সভার মঞ্চে তাঁকে তোলা হয়নি। এই নিয়েই প্রকাশ্যে ক্ষুব্ধ হন তিনি। একসময় তিনি বিজেপির জেনারেল সেক্রেটারি ও জেলা সেক্রেটারির মতো গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব সামলেছেন। বর্তমানে তিনি বিজেপির সুশাসন বিভাগের দায়িত্বে রয়েছেন।ক্ষোভ প্রকাশ করে অমিতাভ বন্দ্যোপাধ্যায় বলেন, দুর্গাপুরে নতুন বিজেপি নেতারা অচোর-ছ্যাচড়ের দলদ। তাঁর অভিযোগ, অন্য রাজনৈতিক দল থেকে আসা নেতাদেরই প্রাধান্য দেওয়া হচ্ছে, আর পুরনো ও নিষ্ঠাবান বিজেপি কর্মীরা দলীয় কর্মসূচিতে কোনও গুরুত্বই পাচ্ছেন না। বাইরে থেকে আসা নেতারা 'ছড়ি ঘোরাচ্ছেন', অথচ দীর্ঘদিনের কর্মীরা কোণঠাসা হয়ে পড়ছেন বলে দাবি করেন তিনি। সভা শেষে কর্মী-সমর্থকদের মধ্যেও এই ঘটনা নিয়ে চরম অস্বস্তি ও বিশৃঙ্খলার সৃষ্টি হয়। প্রকাশ্যে এমন মন্তব্যে দুর্গাপুর বিজেপির অন্দরের দ্বন্দ্ব আরও স্পষ্ট হয়ে উঠল বলেই মনে করছে রাজনৈতিক মহল। অন্যদিকে, দুর্গাপুরে বিজেপির অন্দরের এই দ্বন্দ্ব প্রসঙ্গে পশ্চিম বর্ধমান জেলা তৃণমূলের সভাপতি তথা পাণ্ডবেশ্বরের বিধায়ক নরেন্দ্রনাথ চক্রবর্তী বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায়কে কটাক্ষ করে বলেন, 'লকেট চট্টোপাধ্যায় ফিল্মস্টার উনি বিজেপির দ্বন্দ্বে কি মলম লাগাবেন? যেভাবে কেন্দ্রের বিজেপি সরকার এস আই আর এর নামে সাধারণ মানুষকে বিভ্রান্ত করছে ২০২৬-এর ভোটে এই লকেট চট্টোপাধ্যায়ের মত বিজেপি নেতারা লকেট হয়েই ঝুলবেন, নইলে রকেট হয়ে ওপরে উঠে যাবেন কেউ খুঁজে পাবেন না।'

মহিলা সাংবাদিককে মারধরের নিন্দায় লকেট

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: সাংবাদিক আক্রান্তের ঘটনার তীব্র নিন্দা জানিয়ে শনিবার দুপুর তিনটে থেকে কাঁকসার বাঁশকোপায় একটি হোটেলে সাংবাদিক বৈঠক করেন বিজেপি নেত্রী তথা রাজ্য বিজেপি সাধারণ সম্পাদিকা লকেট চট্টোপাধ্যায়। পাশাপাশি উপস্থিত ছিলেন দুর্গাপুর পশ্চিমের বিধায়ক লদণ ঘড়ুই, দুর্গাপুর পূর্ব বিধানসভা কেন্দ্রের কনভেনার সন্তোষ মুখার্জী, পশ্চিম বর্ধমান জেলা বিজেপির সহ-সভাপতি চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় সহ অন্যান্যরা।

বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় বলেন, 'একজন সাংবাদিকের পেশা খবর সংগ্রহ করা। সেই কাজ করতে গিয়েছিলেন মহিলা সাংবাদিক সোমা মাইতি। যেভাবে তাকে মারধর করা হয়েছে এক কথায় এটা অশালীন আচরণ করা হয়েছে তার সঙ্গে। এক প্রকার তাঁকে মেরেই ফেলা হতো।' তিনি আরও বলেন, 'শনিবারও দুই সাংবাদিককে মারধর করা হয়, একজন হলেন কৌশিক ঘোষ, অপরজন হলেন পলাশ মণ্ডল। এবং একজন চিত্র সাংবাদিক কেষ্ট দত্ত আক্রান্ত হন। একের পর এক সাংবাদিক আক্রান্ত হচ্ছে বেলডাঙার ঘটনায়। শুক্রবার রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে জিজ্ঞাসা করা হলে তিনি জুম্মাবারের অজুহাত দেন। মুখ্যমন্ত্রী সাংবাদিকদের প্রটেকশন না দিয়ে তাদের সেখানে যেতে বারণ করছেন। লকেট চট্টোপাধ্যায় অভিযোগ, 'ষড়যন্ত্র করে এই ঘটনা ঘটানো হয়েছে। বেলডাঙায় আন্দোলনের জেরে উত্তরবঙ্গের সঙ্গে দক্ষিণবঙ্গের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। মুখ্যমন্ত্রী থেকে জনপ্রতিনিধি সকলেই হাত গুটিয়ে বসে রয়েছে। কারণ বাংলায় তুষ্টিকরণের রাজনীতি চলছে।' একদিকে যখন জ্বলছে গোটা বেলডাঙা। তখন মুর্শিদাবাদের সভা করছেন একদিকে সর্বভারতীয় তৃণমূলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় অন্যদিকে অন্য একটি জায়গায় সভা করছেন তৃণমূলের সাসপেন্ড বিধায়ক হুমায়ুন কবির। এই প্রসঙ্গে লকেট চট্টোপাধ্যায় বলেন, 'গোটাটাই হলো ষড়যন্ত্র একদিকে তৃণমূল অন্যদিকে হুমায়ুন আয়নার এপিঠ আর ওপিঠ।'

বালুরঘাট পুরসভার অচলাবস্থার অবসান নতুন চেয়ারম্যান ও সহ-সভাপতি নিয়োগ

নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট: দীর্ঘ রাজনৈতিক টানাপোড়েন এবং প্রশাসনিক অচলাবস্থার অবসান ঘটিয়ে অবশেষে নতুন অভিভাবক পেল বালুরঘাট পৌরসভা। শনিবার ৮ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সুরজিৎ সাহাকে পৌরসভার নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ করা হয়েছে। একই সাথে, দীর্ঘদিন শূন্য থাকা ভাইস-চেয়ারম্যান পদে মনোনীত করা হয়েছে শহরের ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মুনমুন করকে। রাজ্য নেতৃত্বের সরাসরি হস্তক্ষেপে এই জোড়া নিয়োগের মাধ্যমে পৌর বোর্ডে স্থিতিশীলতা ফিরবে বলে আশা করা হচ্ছে।

উল্লেখ্য, বালুরঘাট পৌরসভার এই সংকটের সূত্রপাত হয় গত ১৯ ডিসেম্বর। তৎকালীন চেয়ারম্যান অশোক মিত্রের বিরুদ্ধে ১৪ জন কাউন্সিলর একযোগে অনাস্থা প্রস্তাব আনলে বোর্ডের অভ্যন্তরীণ ফাটল প্রকাশ্যে চলে আসে। পরবর্তীতে ৩১ ডিসেম্বর পদত্যাগ করেন অশোক মিত্র। ১০ জানুয়ারি তাঁর পদত্যাগপত্র আনুষ্ঠানিকভাবে গৃহীত হওয়ার পর থেকেই চেয়ারম্যানের পদটি শূন্য ছিল। গত কয়েক সপ্তাহ ধরে নেতৃত্বহীন এই পৌরসভা কার্যত দিশাহীন হয়ে পড়েছিল, যার সরাসরি প্রভাব পড়ছিল নাগরিক পরিষেবার ওপর। অন্যদিকে, প্রদীপ্ত চক্রবর্তীকে ভাইস চেয়ারম্যান পদ থেকে অপসারিত করার পর থেকেই এই গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদটি শূন্য ছিল। এদিন সুরজিৎ সাহার সঙ্গে ভাইস চেয়ারম্যান হিসেবে মুনমুন করের নাম ঘোষণা করায় পৌরসভার শীর্ষ নেতৃত্বের পুনর্গঠন প্রক্রিয়া সম্পন্ন হল। জানা গেছে, চেয়ারম্যান পদটি শূন্য হওয়ার পর থেকেই পর্দার আড়ালে চলছিল তীব্র রাজনৈতিক জল্পনা। একাধিক নাম নিয়ে জল্পনা চললেও শেষ পর্যন্ত শৃঙ্খলা ফেরাতে রাজ্য নেতৃত্ব এই সিদ্ধান্ত গ্রহণ করেছে। তৃণমূল কংগ্রেসের দক্ষিণ দিনাজপুর জেলা সভাপতি সুভাষ ভাওয়াল এই নিয়োগকে স্বাগত জানিয়ে বলেন, 'এই নিয়োগের মূল লক্ষ্য হলো প্রশাসনে স্থিতিশীলতা ফিরিয়ে আনা। এখন থেকে থমকে থাকা উন্নয়নমূলক কাজগুলো দ্রুত গতিতে এগিয়ে যাবে।' এদিকে চেয়ারম্যান না থাকায় গত কয়েক সপ্তাহে রাস্তাঘাট সংস্কার, সাফাই অভিযান-সহ রুটিনমাফিক অনেক কাজই শ্লথ হয়ে পড়েছিল। নতুন নেতৃত্ব দায়িত্ব নেওয়ার পর পৌর আধিকারিকদের মধ্যে নতুন উদ্যম দেখা দিয়েছে। তারা আশা করছেন, পরিকাঠামোগত প্রকল্পগুলো এখন অগ্রাধিকারের ভিত্তিতে গতি ফিরে পাবে।

বেলডাঙায় সাংবাদিকদের ওপর হামলা, সরব ডিস্ট্রিক্ট রিপোর্টার্স প্রেস ক্লাব

নিজস্ব প্রতিবেদন, হুগলি: বেলডাঙায় মহিলা সাংবাদিক সোমা মাইতি-সহ ১২ জন সাংবাদিককে নিগৃহের প্রতিবাদে সরব সাংবাদিক মহল। ঘটনায় নিন্দা জানিয়েছেন স্বয়ং মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এইদিন হুগলি ডিস্ট্রিক্ট রিপোর্টার্স প্রেস ক্লাবের পক্ষ থেকে মহিলা সাংবাদিক সহ ১২ জন সংবাদমাধ্যম কর্মীকে অত্যাচারের প্রতিবাদে ডেপুটেশন দেওয়া হলো উত্তরপাড়া থানায়। ডেপুটেশন প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংবাদিক সুমন ভর্মা, সৌমিলি গাঙ্গুলী চক্রবর্তী, টুলটুল দে, মেঘনাথ দাস, অরিন্দম রায় চৌধুরী, প্রসেনজিত মুখার্জী সম্পাদক শুভজ্যোতি চক্রবর্তী, সোমনাথ বটব্যাল, রঞ্জন দে সহ একাধিক সাংবাদিক বৃন্দ। এই ঘটনায় সাংবাদিক প্রসেনজিত মুখার্জী বলেন সংবাদমাধ্যম গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ সংবাদ মাধ্যম যেই খবর দেখায় বা যেই প্রতিবেদন দেখায় তারপরে প্রশাসনে কখনো কখনো তার বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণ করে, সাংবাদিকরা যদি ঠিক মতো কাজ না করতে পারে তাহলে সমাজের একটি দিক ভেঙে পড়তে পারে, প্রশাসনের উচিত সংবাদ মাধ্যমের নিরাপত্তা সুনিশ্চিত করা। কালকের বেলডাঙার ঘটনায় সত্যিই নিন্দার ভাষা নেই।

গ্রামবাসীদের প্রশ্নের মুখে বনগাঁ জেলা তৃণমূলের সভাপতি ও চেয়ারম্যান

নিজস্ব প্রতিবেদন, বনগাঁ: পাড়ায় পাড়ায় সংলাপে বেরিয়ে বার্ধক্য ভাতা ইছামতি নদী সংস্কার ও হাউস ফর অলের ঘর নিয়েও প্রশ্নের মুখে বনগাঁ জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি বিশ্বজিৎ দাস ও পুরসভার চেয়ারম্যান দিলীপ মজুমদার। সমাধানের আশ্বাস দিলেন তৃণমূল নেতৃত্ব। উত্তর ২৪ পরগনার বনগাঁ পৌরসভার ১,২,৩ ও ১৭ নম্বর ওয়ার্ডে শনিবার পাড়ায় পাড়ায় সংলাপ কর্মসূচি ছিল। উপস্থিত ছিলেন বনগাঁ জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি বিশ্বজিৎ দাস ও বনগাঁ পৌরসভার নব নিযুক্ত চেয়ারম্যান দিলীপ মজুমদার। ১ নম্বর ওয়ার্ডে এক বৃদ্ধা দীর্ঘদিন ধরে বার্ধক্য ভাতা পাচ্ছে না বলে অভিযোগ জানান তাদের কাছে এবং ইছামতি নদী সংস্কার করার দাবি জানান স্থানীয় বাসিন্দারা। অন্যদিকে, ৩ নম্বর ওয়ার্ড হাউস ফর অল প্রকল্পে ঘর করার কাজ শুরু করার পরে দীর্ঘ ৪ বছরের বেশি সময় ধরে বন্ধ হয়ে রয়েছে বলে অভিযোগ তোলে মহিলারা। এই বিষয়ে বনগাঁ জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি বিশ্বজিৎ দাস জানিয়েছেন, 'সাধারণ মানুষের অভিযোগ আমরা শুনেছি। নতুন চেয়ারম্যান হয়েছেন দিলীপ মজুমদার। আমরা তাঁর সঙ্গে আলোচনা করে সমস্যার সমাধান করবার জন্য ব্যবস্থা গ্রহণ করব।' বনগাঁ পৌরসভার নবনিযুক্ত চেয়ারম্যান দিলীপ মজুমদার জানিয়েছেন, 'আমরা ঘরের বিষয়টি খতিয়ে দেখছি যদি আমাদের দিক থেকে কোনও সমস্যা থেকে থাকে আমরা তিন মাসের মধ্যে সমাধান করে দেব।'

খনি অঞ্চল স্বাস্থ্য মেলা

নিজস্ব প্রতিবেদন, উখড়া: প্রত্যেক বছরের ন্যায় এবছরও অন্ডাল থানার অন্তর্গত উখড়া নবভারতী ক্লাবের উদ্যোগে শুরু হল খনি অঞ্চল স্বাস্থ্য মেলা। এই স্বাস্থ্যমেলায় এলাকার প্রায় হাজার খানেক মানুষ তাদের নানান রকম শারীরিক পরীক্ষার সুযোগ পান একেবারে নিঃশুল্ক। এই স্বাস্থ্য মেলায় দুর্গাপুরের বেশ কয়েকটি বড় বড় নাম করা হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকরা উপস্থিত থাকেন। চোখের পরীক্ষা থেকে শুরু করে হৃদরোগ ব্লাড প্রেসার, সুগার ও আরো নানান ধরনের চিকিৎসার ব্যবস্থা রয়েছে এই স্বাস্থ্য মেলায়। এদিনের এই স্বাস্থ্য মেলার শুভ উদ্বোধন করলেন পশ্চিম বর্ধমান জেলা তৃণমূল সভাপতি নরেন্দ্রনাথ চক্রবর্তী। দুই দিন ধরে চলবে এই স্বাস্থ্য মেলা। এই মেলাটি খনি অঞ্চল স্বাস্থ্য মেলা নামে পরিচিত। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উখড়া গ্রাম পঞ্চায়েত প্রধান মিনা কোলে ছাড়াও আরও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ এছাড়াও ছিলেন ক্লাবের সম্পাদক রাজু মুখার্জি। নবভারতী সংঘের সহ-সভাপতি কিরণ মুখার্জি জানান, চোখের চিকিৎসার জন্য যারা এই শিবিরে আসেন যাদের চোখের অপারেশনের প্রয়োজন হয় তাদের অপারেশন এবং চশমার ব্যবস্থা ও একেবারে বিনামূল্যে করা হয় ক্লাবের তরফে।

বর্ধমানে জেলা শাসকের দপ্তরের সামনে ধুন্ধুমার

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: এসআইআরের শুনানিতে ৭ নম্বর ফর্ম জমা নেওয়াকে কেন্দ্র করে শনিবার তুমুল উত্তেজনা ছড়ায় পূর্ব বর্ধমানের জেলাশাসককরণ চত্বরে। তৃণমূল ও বিজেপির স্লোগান পাল্টা স্লোগানে উত্তেজনার পারদ বাড়তেই ঘটনাস্থলে চলে আসে বর্ধমান থানার বিশাল পুলিশ বাহিনী। কিন্তু উত্তেজনা এতটাই বেড়ে যায় যে পুলিশের সঙ্গেই ধস্তাধস্তি থেকে হাতাহাতিতে জড়িয়ে পড়ে বিজেপি কর্মী সমর্থকরা। বিজেপির অভিযোগ, ৭ নম্বর ফর্ম জমা নিচ্ছেন না বর্ধমান উত্তর মহকুমাশাসক রাজর্ষি নাথ। অন্যদিকে, তৃণমূলের পক্ষ থেকে পাল্টা দাবি করা হয়, বিজেপি কর্মী সমর্থকরা মহকুমাশাসকের দপ্তরে শুনানি চলার সময় অশান্তি পাকানোর চেষ্টা করেছে। তৃণমূল তাতে বাধা দিয়েছে। পুলিশ প্রথমে দুপক্ষকেই বুঝিয়ে সরিয়ে দেওয়ার চেষ্টা করলেও বিজেপির পক্ষ থেকে উত্তেজিত কয়েকজন পুলিশের সঙ্গে বাদানুবাদ শুরু করে দেয়। এমনকি কর্তব্যরত পুলিশের সঙ্গে ধস্তাধস্তি ও হাতাহাতিও করে ফেলে তারা। এরপরই পুলিশ কয়েকজন বিজেপি কর্মী সমর্থককে আটক করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে দুপক্ষকেই এলাকা থেকে বের করে দেওয়া হয়। পরে বিশাল পুলিশ ও কমব্যাট ফোর্স পৌঁছে পরিস্থিতি স্বাভাবিক করে। বিজেপির মহিলা কর্মীদের অভিযোগ, তাঁরা যখন ৭ নম্বর ফর্ম কেনো জমা নেওয়া হবে না। সেই নিয়ে নির্বাচন কমিশনের আধিকারিকদের সাথে তর্কাতর্কি করছিলেন। সেই সময় তৃণমূলের কর্মীরা ভিতরে ঢুকে তাদের সাথে ধাক্কাধাক্কি শুরু করে দেয়। মহিলাদের গায়ে হাত দেওয়া হয় ।তাদের শ্লীলতাহানিও করা হয় কয়েকজনকে।

দঃ দিনাজপুরের রেল-বিপ্লবে নতুন দিগন্ত

বালুরঘাট-বেঙ্গালুরু এক্সপ্রেসের নব সূচনা

নিজস্ব প্রতিবেদন, বালুরঘাট: কয়েক দশকের বঞ্চনা আর বিচ্ছিন্নতার অবসান ঘটিয়ে অবশেষে দক্ষিণ দিনাজপুরের মানুষের স্বপ্ন সত্যি হল। শনিবার বালুরঘাট রেল স্টেশন থেকে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করল 'বালুরঘাট-বেঙ্গালুরু এক্সপ্রেস'। আধুনিক এলএইচবি (এলএইচবি) কোচ সমৃদ্ধ এই দূরপাল্লার ট্রেনটির উদ্বোধনের মাধ্যমে জেলাবাসীর দীর্ঘদিনের এক রাজনৈতিক ও সামাজিক দাবি পূরণ হল। এদিন মালদা থেকে ভার্চুয়াল ভাষণের মাধ্যমে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই নতুন ট্রেনের শুভ উদ্বোধন করেন।

উল্লেখ্য, ভারতবর্ষের রেল মানচিত্রের এক প্রান্তে অবস্থিত দক্ষিণ দিনাজপুরের বাসিন্দাদের কাছে দক্ষিণ ভারত ছিল এক প্রকার দুর্গম। এতদিন চিকিৎসা, শিক্ষা বা কর্মসংস্থানের জন্য বেঙ্গালুরু যেতে হলে বাসিন্দাদের কলকাতায় গিয়ে ট্রেন ধরতে হতো। এতে সময় এবং অর্থ উভয়ই ব্যয় হতো প্রচুর। এই নতুন ট্রেনটি চালু হওয়ায় এখন সরাসরি ভারতের 'সিলিকন ভ্যালি'র সঙ্গে যুক্ত হল বালুরঘাট। এই ট্রেন চালুর কৃতিত্বের সিংহভাগই দেওয়া হচ্ছে স্থানীয় সাংসদ তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সুকান্ত মজুমদারকে। রেল মন্ত্রকের কাছে তিনি বারবার দরবার করা থেকে শুরু করে সাধারণ মানুষের চাহিদা অনুযায়ী ট্রেনের ধরনে পরিবর্তন আনা সবক্ষেত্রেই তাঁর ভূমিকা ছিল অগ্রগণ্য। মূলত এই রুটে একটি 'অমৃত ভারত' ট্রেন চালানোর কথা থাকলেও, যাত্রীদের আরামের কথা মাথায় রেখে এলএইচবি কোচ-সহ দ্রুতগামী মেল এক্সপ্রেস চালুর দাবি জানিয়েছিলেন তিনি। সেই দাবি মেনে নেওয়ায় ট্রেনটি এখন শুধু সাধারণ পরিবহন নয়, বরং রাজনৈতিক দায়বদ্ধতার প্রতীক হিসেবে পরিণত হয়েছে। এবিষয়ে একলাখি-বালুরঘাট রেলযাত্রী কল্যাণ ও সমাজ উন্নয়ন সমিতির চেয়ারম্যান স্মৃতিশ্বর রায় বলেন, 'এটি শুধু নির্বাচনের আগের প্রতিশ্রুতি ছিল না। ডঃ সুকান্ত মজুমদার তাঁর কথা রেখেছেন এবং দাবিটি বাস্তবায়িত না হওয়া পর্যন্ত হাল ছাড়েননি।' এদিন সকাল থেকেই বালুরঘাট স্টেশনে ছিল উৎসবের আমেজ। ফুল ও ব্যানারে সাজানো হয়েছিল গোটা চত্বর। কড়া নিরাপত্তার চাদরে ঢাকা স্টেশনে রেল আধিকারিকদের তৎপরতা ছিল চোখে পড়ার মতো। উদ্বোধনী ট্রেনের বাঁশি বাজার সঙ্গে সঙ্গে উপস্থিত জনতা উল্লাসে ফেটে পড়েন। ট্রেনটি চালু হওয়ায় সাধারণ মানুষের মধ্যে স্বস্তি ফুটে উঠেছে। স্থানীয় শিক্ষক অসিত কুমার সরকার জানান, 'বাবাকে চিকিৎসার জন্য বছরে দুবার বেঙ্গালুরু নিয়ে যেতে হয়। কলকাতা হয়ে যাওয়াটা ছিল অত্যন্ত কষ্টের। এখন ঘরের দোরগোড়া থেকে সরাসরি ট্রেন পাওয়ায় আমাদের মতো হাজারো পরিবারের শারীরিক ও আর্থিক কষ্ট লাঘব হবে।' পরিকাঠামোগত প্রকল্পের ক্ষেত্রে ঘোষণা এবং বাস্তবায়ণের মধ্যে যে ফারাক থাকে, বালুরঘাট-বেঙ্গালুরু এক্সপ্রেস সেই ধারণা ভেঙে দিয়েছে। দক্ষিণ দিনাজপুরের অর্থনৈতিক ও ভৌগোলিক অনগ্রসরতা দূর করতে এই ট্রেনটি আগামী দিনে মাইলফলক হিসেবে কাজ করবে বলে মনে করছেন বিশেষজ্ঞরা। বিকেলে যখন উদ্বোধনী ট্রেনটি বালুরঘাট স্টেশন ছেড়ে দক্ষিণ ভারতের উদ্দেশ্যে রওনা দিল, তখন তার হুইসেল যেন এই বার্তাই দিয়ে গেল, সদিচ্ছা থাকলে রাজনীতির প্রতিশ্রুতিও বাস্তবে রূপ পায়।

ইচ্ছে পূরণ দেড় হাজার মানুষের

নিজস্ব প্রতিবেদন, বর্ধমান: পড়ন্ত শীতের রোদ মেখে ইচ্ছেপূরণ। ইচ্ছেপূরণ হল প্রায় দেড় হাজার মানুষের। স্বেচ্ছাসেবী সংগঠন বর্ধমান সহযোদ্ধার উদ্যোগে বর্ধমানের প্রগতি সংঘের মাঠে ভিড় জমিয়েছিলেন বিভিন্ন বয়সি মানুষজন। এদিন তাঁরা ইচ্ছে মতো নিজেদের পোশাক পছন্দ করেন। হাসিমুখে বাড়ি নিয়ে যান। সম্পূর্ণ বিনামূল্যে এই বস্ত্র উপহার কর্মসূচিতে সহায়তা করেছেন শ্রীরামপুর বটতলা হকার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। অনুষ্ঠানের সহযোগিতায় ছিলেন বর্ধমান পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সিমরান বাল্মিকী। কালনাগেট ভদ্রপল্লী এলাকায় প্রগতি সংঘের মাঠে এদিন বাচ্চা, বয়স্ক, নারী, পুরুষ সকলের জন্য বিনামূল্যে বস্ত্র উপহার কর্মসূচি ঘিরে ছিল তুমুল উৎসাহ। উদ্বোধনী অনুষ্ঠানে এলাকার কাউন্সিলর সিমরান বাল্মিকী জানান, 'খুব কম সময়ের মধ্যে এত বড় একটা কর্মসূচি করতে পেরে সত্যিই ভালো লাগছে। এলাকার সমস্ত শ্রেণীর মানুষ স্বতঃস্ফূর্ত ভাবে এই কর্মসূচিতে অংশ নিয়েছেন।' শ্রীরামপুর বটতলা হকার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের কর্তা জয়দেব দাস বলেন, 'প্রতিবছরই আমরা এনজিও বর্ধমান সহযোদ্ধার সঙ্গে এই কর্মসূচি করে থাকি। তবে এবারে বিনামূল্যে পোশাক নেবার জন্য অভূতপূর্ব উৎসাহ দেখতে পেলাম।' বর্ধমান সহযোদ্ধার সাধারণ সম্পাদক প্রীতিলতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'আমাদের সংস্থা সারা বছর নানা জনসেবামূলক কর্মসূচি করে থাকে। তারই অঙ্গ হিসেবে এদিন দেড় হাজারেরও বেশি মানুষের হাতে পোশাক উপহার তুলে দিতে পেরে এবং তাদের মুখে হাসি ফোটাতে পেরে পরম তৃপ্তি হচ্ছে। এই ইচ্ছেপূরণ শুধুমাত্র পছন্দের পোশাক পাওয়ার ইচ্ছেপূরণ নয়, সেবামূলক কাজের যে অঙ্গীকার বর্ধমান সহযোদ্ধা নিয়েছে সেই ইচ্ছেরও কিছুটা পূরণ হল এই কর্মসূচিতে।

আগামীতেও এমন কর্মসূচি জারি থাকবে।' অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিভিন্ন ওয়ার্ডের কাউন্সিলর, অধ্যাপক, শিল্পী, চিকিৎসক, সমাজসেবী সহ বহু মানুষ।

বিজেপি না করার অপরাধে ভারতীয় বাবা-ছেলেকে বাংলাদেশি তকমা

কাঠগড়ায় বিজেপির মণ্ডল সভাপতি

নিজস্ব প্রতিবেদন, বসিরহাট: বিজেপির চক্রান্ত ফাঁস। বিজেপি না কারার অপরাধে ভারতীয়কে বাংলাদেশি বানিয়ে অভিযোগ দায়ের। পরে সত্য প্রকাশিত হতেই ক্ষমা চেয়ে চিঠি। শুধু তাই নয়, নিজের অপরাধ বুঝতে পেরে ফোন বন্ধকরে এলাকা ছাড়া বিজেপির মণ্ডল সভাপতি রঞ্জিত দাস। বাবা, ছেলে বাংলাদেশি বলে বিজেপির দলীয় প্যাডে বিডিওর কাছে অভিযোগ দায়ের পরে নিজের অপরাধ স্বীকার করে ক্ষমা মণ্ডল সভাপতির। তৃণমূল কর্মী বিজেপিতে যেতে না চাওয়াতেই ভারতীয় কে বাংলাদেশি তকমা বিজেপি নেতার। বিষয়টি নিয়ে সোচ্চার হয়েছেন রাজ্য তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুণাল ঘোষ। তিনি বিষয়টা সোশ্যাল মিডিয়ায় পোস্টের পরেই রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে রাজ্য রাজনীতি।

উত্তর ২৪ পরগনার বসিরহাট মহকুমা বসিরহাটের দক্ষিণের বিজেপির মণ্ডল সভাপতি রঞ্জিত দাস। টাকি পৌরসভার ১০ নম্বর ওয়ার্ডের পানপাড়ার বাসিন্দা বাবা বছর ৪৭-এর আব্দুল সাত্তার মণ্ডল, ছেলে গোলাম রসুল মণ্ডল। তাঁদের পরিবার বাংলাদেশি বলে প্রথমে হাসনাবাদ বিডিওর কাছে লিখিত অভিযোগ করা হয় বিজেপির ওই মণ্ডল সভাপতির নেতৃত্ব। বিজেপি নেতার অভিযোগের পর তাঁদের হেয়ারিং-এ ডাকা হয়। আব্দুল সাত্তারের বাবার ২০০২-এর ভোটার লিস্টে নাম রয়েছে। তিনিও বেশ কয়েকবার ভোট দিয়েছেন। তিনি স্থানীয় বাসিন্দা, ভোটার কার্ড আধার কার্ড, প্যান কার্ডে বাবার নাম থাকা সত্ত্বেও তাঁদেরকে বাংলাদেশি বলে মিথ্যে অভিযোগ করা হয়েছিল বিজেপির পক্ষে। উপযুক্ত নথিপত্র তাঁরা বিডিও-কে দেখানোর পর বেগতিক বুঝে বিজেপি নেতৃত্ব 'ভুল' স্বীকার করে বিডিও-কে আবার চিঠি দেয়। এবং পরিবারের কাছেও ভুল স্বীকার করে। তারপর সেই বিডিও দেওয়া চিঠি রাজ্য তৃণমূল কংগ্রেসের মুখপাত্র তাঁর নিজের সোশ্যাল মিডিয়ায় একাউন্টে পোস্ট করেন। আব্দুল সাত্তার মণ্ডল বলেন, 'আমাদের পরিবার তৃণমূল কংগ্রেস করে বারবার বিজেপিতে যাওয়ার জন্য জোর দেওয়া হচ্ছিল। আমরা যাইনি বলেই চক্রান্ত করে বাংলাদেশি দাগিয়ে দিয়ে ভোটার লিস্টের থেকে নাম কাটার চক্রান্ত করেছিল জেলা বিজেপি নেতৃত্ব। সেটাই সামনে এল। এই ঘৃণ্য রাজনীতিকে তৃণমূল কংগ্রেস তীব্র প্রতিবাদ জানিয়েছেন।

মহাভারতের ৫০০ চরিত্র এঁকে ইন্ডিয়া বুক অফ রেকর্ডসে নাম বাগনানের তানভির

মনোজ চক্রবর্তী ● বাগনান

